


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 70 Years ■ Issue-341 ■ 19 September, 2024 ■ আগরতলা ১৯ সেপ্টেম্বর, ২০২৪ ইং ■ ২ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর ।।** জাতপাতের ভেদাভেদের উর্ধ্বে উঠে স্বেচ্ছায় রক্তদান হল মানব ধর্মের শ্রেষ্ঠ দান। রক্তদানের ক্ষেত্রে কোনও ধরণের লিঙ্গ বৈষম্য থাকে না। আজ শহীদ ভগৎ সিং যুব আবাসে মহারাণী তুলসীবতী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭৪তম জন্মদিন উপলক্ষে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের দায়িত্বভার গ্রহণ করার পর দেশ সবক্ষেত্রেই ক্রমশঃ এগিয়ে চলছে। জনকল্যাণে তিনি যা যা ঘোষণা দিয়েছেন তা বাস্তবায়ন করা হয়েছে। প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় দেশে তিন তালাক বিলোপ করা হয়েছে। তাতে মুসলিম সম্প্রদায়ের মহিলাগণ উপকৃত হয়েছেন। এছাড়াও প্রধানমন্ত্রীর বলিষ্ঠ পদক্ষেপের ফলেই জম্মু ও কাশ্মীরে ৩৭০ ধারা ও ৩৫(এ) ধারা বাতিল করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে শহর ও গ্রামীণ এলাকায় বসবাসকারী সকলের জন্য পাকা ঘরের ব্যবস্থা করেছেন। রাজ্যেও প্রধানমন্ত্রী আবাস যোজনায় শহর ও গ্রামে প্রচুর ঘর প্রদান করা হয়েছে। কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে পিএম-কিষাণ সম্মাননিধি প্রকল্পে বার্ষিক ৬ হাজার টাকা প্রদানের ব্যবস্থাও প্রধানমন্ত্রী করেছেন। প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় চালু হয়েছে দেশের সবচেয়ে বড় স্বাস্থ্য প্রকল্প আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা। এই প্রকল্পের মাধ্যমে প্রতিটি পরিবারের প্রত্যেকের জন্য ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। ☛ ৬ এর পাতায় দেখুন

### ৩৭০ ধারার অবলুপ্তির পর

## প্রথম বিধানসভা নির্বাচন ভূ-স্বর্গে ভোটের হার ৫৮.১৯ শতাংশ



**জম্মু ও শ্রীনগর, ১৮ সেপ্টেম্বর (হি.স.)।।** ৩৭০ ধারার অবলুপ্তির পর প্রথম বিধানসভা নির্বাচনে উপত্যকার মানুষ স্পষ্ট বুঝিয়ে দিল, বুলেট নয় ব্যালটেই ভরসা রাখছেন তাঁরা। এমনকী যে অঞ্চলগুলি জঙ্গি তৎপরতার জন্য কুখ্যাত, সেখানেও খোলা মনে গণতন্ত্রের উৎসবে শামিল হলেন ভূস্বর্গবাসী। উল্লেখ্য, জম্মু ও কাশ্মীরে বিধানসভা নির্বাচনে ভালোই সাড়া মিলেছে সাধারণ মানুষের। বুধবার সকাল সাতটা থেকে শুরু হয় ভোটগ্রহণ, মাত্র দুই ঘণ্টায় সকাল ৯টা পর্যন্ত ভোট পড়েছিল ১১.১১ শতাংশ। বেলা এগারোটা পর্যন্ত ভোট পড়েছিল ২৬.৭২ শতাংশ। দুপুর একটা পর্যন্ত ভোট পড়েছিল ৪১.১৭ শতাংশ। দুপুর তিনটে পর্যন্ত ভোটের শতাংশ ছিল ৫০.৬৫। আর বিকেল ৫টা পর্যন্ত ভোটের হার ৫৮.১৯ শতাংশ। নির্বাচন কমিশন থেকে এমনই তথ্য পাওয়া গিয়েছে।

বুধবার প্রথম দফার ২৪ আসনে ভোটগ্রহণ হয়। এক দশক পরে জম্মু ও কাশ্মীরে আবারও বিধানসভা ভোট হচ্ছে। তবে ২০১৪-র মতো পূর্ণ রাজ্য নয়, ৩৭০ ধারা বাতিলের ফলে বিশেষ মর্যাদা খোয়ানোর পাশাপাশি রাজ্যের তকমাও হারিয়েছে জম্মু ও কাশ্মীর। ফলে এই বিগত ১০ বছরে অনেক কিছু পাল্টে গিয়েছে উপত্যকার রাজনীতিতে। প্রথম পর্বের নির্বাচনে দক্ষিণ কাশ্মীরের চার জেলা পুলওয়ামা, কুলগাম, অনন্তনাগ ও শোপিয়ানের ১৬টি এবং জম্মুর চন্দ্রভাগা উপত্যকার জেলা ডোডা, কিশতওয়ার ও রামবানের আটটি বিধানসভা আসনে ভোটগ্রহণ হয়। ভোটারদের মধ্যেও যথেষ্ট উন্মাদনা লক্ষ্য করা গিয়েছে, ভোটগ্রহণ শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যেই বুথের সামনে লম্বা লাইন দেখা গিয়েছিল।

উল্লেখ্য, কাশ্মীরে তিন দফায় ভোটগ্রহণ। বুধবার ছিল প্রথম দফা। আগামী ২৫ সেপ্টেম্বর দ্বিতীয় দফায় ২৬ আসনে এবং ১ সেপ্টেম্বর তৃতীয় তথা শেষ দফায় ৪০ আসনে ভোটগ্রহণ হবে জম্মু ও কাশ্মীরে। ভোটগণনা আগামী ৮ অক্টোবর।

## পুলিশের বেশে ডাকাতি, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** ডাকাতের দৌরাত্ম্য এখন অকল্পনীয় রূপ নিয়েছে। রাত বিরেতে চুরি ডাকাতি হামলার মতো ঘটনার সাক্ষী তো অনেকেই রয়েছেন। কিন্তু পুলিশের বেশ ধরে ডাকাতি করতে আশা যেন ডাকাত চক্রের এক নয়া সংস্কৃতির আমদানি। এবার আরালিয়া শ্রমজীবী কলোনি এলাকায় উমা দাস এর বাড়িতে রাত বিরেতে পুলিশের পোশাক পরে হানা দিল ডাকাত দল। ঘটনা ☛ ৬ এর পাতায় দেখুন

### এনার্জি মিট সমারোহ থেকে বিনিয়োগকারীদের উদ্দেশ্যে

## পুনর্নবীকরন শক্তির ক্ষেত্রে রাজ্যে বিনিয়োগের আহ্বান বিদ্যুৎমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর ।।** ত্রিপুরা সৌরশক্তি উৎপাদনে এবং ব্যবস্থাপনায় গোটা দেশেই উল্লেখযোগ্য স্থান দখল করেছে। পুনঃ নবীকরণ শক্তি ক্ষেত্রে বিনিয়োগকারীদের ত্রিপুরায় বিনিয়োগের জন্য আহ্বান জানালেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। তিনদিন ব্যাপী গুজরাটে ফোর্থ গ্লোবাল রিনিউবল এনার্জি ইনভেস্টার্স মিট এন্ড এক্সপো মহাসমারোহে একথা বলেন মন্ত্রী রতন লাল নাথ।

এদিন তিনি বলেন, গুজরাটের বৈশ্বিক মহাসমারোহে ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম। ধান্তারীং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম। "অর্থাৎ, জবাপুষ্পের মত লোহিত বর্ণ, অন্ধকারণাশক মহাদ্যুতিবিশিষ্ট সর্বপাপবিনাশক কশ্যপপুত্র সূর্য্যকে প্রণাম করি এই বৈদিক মন্ত্র উচ্চারণই যেন ধ্বনিত প্রতিধ্বনিত হচ্ছে।

তাঁর কথায়, পুনর্নবীকরণ শক্তির প্রধান উৎসই যে সূর্য, সেই সূর্য্যের আলোয় আর শক্তিকে আধারিত করেই গোটা পৃথিবী এবার শক্তি যোগানোর পথে এগোচ্ছে। প্রচলিত শক্তির (বিদ্যুৎ ) উৎস গ্যাস কিংবা কয়লা ফুরিয়ে যাবার পথে সেই আশঙ্কার কালো মেঘ দিয়ে সরিয়ে এবার সৌর শক্তিকে ভর করেই এগোবে গোটা পৃথিবী।

ওই সমারোহে তিনি বলেন, আগামী ২০৩০ সালের মধ্যে ভারত মোট ৫০০ গিগা ওয়াট সৌরশক্তি উৎপাদন করার পরিকল্পনা স্থাপন করেছে। যেখানে ত্রিপুরা রাজ্য ৮১৫ মেগা ওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করে সংকল্প পত্রে স্বাক্ষর করেছে।

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ স্বাক্ষরিত এই সংকল্প পত্রে উল্লেখ করা হয়েছে, আগামী ২০৩০ সালের মধ্যে রাজ্যে সৌরশক্তি উৎপাদিত হবে ৩৯৬ মেগাওয়াট। এছাড়া হাইড্রো পাম্প স্টোরেজে উৎপাদিত হবে ৪০০ মেগা ওয়াট বিদ্যুৎ। হাইড্রো- তে ১৫ ☛ ৬ এর পাতায় দেখুন

### এক দেশ এক নির্বাচন

## উচ্চ পর্যায়ের কমিটির সুপারিশ গৃহীত কেন্দ্রীয় মন্ত্রীসভায়

**নয়াদিল্লী, ১৮ সেপ্টেম্বর ।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা এক দেশ এক নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সভাপতিত্বে গঠিত উচ্চপর্য্যায়ের কমিটির সুপারিশসমূহ গ্রহণ করেছে। এই সুপারিশে যে সিদ্ধান্ত গৃহীত হয় তা হলএকযোগে অনুষ্ঠিত নির্বাচন। উচ্চপর্য্যায়ের কমিটির সুপারিশ করেছে ১৯৫১ থেকে ১৯৬৭ সালের মধ্যে একযোগে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।. আইন কমিশন ১৭০ তম রিপোর্ট (১৯৯৯)পাঁচ বছরে একটি লোকসভা এবং সমস্ত বিধানসভার জন্য একটি নির্বাচন। সংসদীয় কমিটির ৭৯তম প্রতিবেদন (২০১৫) একযোগে নির্বাচন অনুষ্ঠানের উপায় প্রস্তাব করা হয়েছিল। রাম নাথ কোবিন্দের সভাপতিত্বে উচ্চ-পর্য্যায়ের কমিটি রাজনৈতিক দল এবং বিশেষজ্ঞদের সহ বিস্তৃত পর্য্যায়ে সংশ্লিষ্ট পক্ষদের সাথে বিশদ আলোচনা করেছে। ব্যাপকভাবে প্রাপ্ত প্রতিক্রিয়া (ফিডব্যাক) থেকে দেখা গেছে যে, একযোগে নির্বাচন অনুষ্ঠানের জন্য ব্যাপক সমর্থন আছে।দুটি ধাপে বাস্তবায়ন করা।প্রথম ধাপে লোকসভা ও বিধানসভার একযোগে নির্বাচন অনুষ্ঠান করা

দ্বিতীয় ধাপে: সাধারণ নির্বাচনের ১০০ দিনের মধ্যে স্থানীয় সংস্থা নির্বাচন (পঞ্চায়েত এবং পৌরসভা) পরিচালনা করা। সকল নির্বাচনের জন্য অভিন্ন ভোটার তালিকা।. সারা দেশে বিস্তারিত আলোচনা শুরু করতে হবে।একটি রূপায়নকারী গোষ্ঠী গঠন করা।

## স্ত্রীকে পুড়িয়ে হত্যা করল টিএসআর স্বামী, মামলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর ।।** স্ত্রীকে জীবন্ত পুড়িয়ে হত্যা করলেন টিএসআর স্বামী। মৃতার পরিবারের তরফ থেকে এমনটাই অভিযোগ তুলে টি এস আর জওয়ানের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে। এদিকে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করলেন। ওই ঘটনায় বিশালগড় গজারিয়া তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

মৃতার শ্বশুর বাড়ির সদস্যরা জানিয়েছেন, ☛ ৬ এর পাতায় দেখুন


## রাহুলকে নিয়ে কুরুচিকর মন্তব্যের প্রতিবাদে শহরে কংগ্রেসের বিক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১৮ সেপ্টেম্বর।।** প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদিসহ বিজেপি নেতৃত্বদের কুশপুত্তলিকা দাহ করল বিশালগড় জেলা যুব কংগ্রেস নেতৃত্বরা। বুধবার দুপুর নাগাদ আচমকা মধুপুর বাজারে হাজির হয়ে বিশালগড় জেলা কংগ্রেস নেতৃত্বরা রাহুল গান্ধীর উপর বিভিন্ন কুরুচিমূলক মন্তব্য এবং তাকে প্রাণে মারার হুমকি ইত্যাদির বিরুদ্ধে সোচ্চার হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিধায়ক সঞ্জয় গাইকোয়াড এবং বিজেপি নেতা তারবিন্দার সিং তাদের কুশপুত্তলিকা পুড়িয়ে আন্দোলন করেন নেতৃত্বরা মধুপুর বাজারে।

কংগ্রেস নেতৃত্বরা বলেন, কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে যেভাবে অপমান করেছে কিংবা হুমকি দিয়েছে তার বিরুদ্ধে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কিংবা প্রধানমন্ত্রী মুখ খুলতে রাজি নন। এমনকি তাদেরকে ছাড় দিয়ে যাচ্ছে। তাই তাদের সেই মনোভাবকে ধিক্কার জানিয়ে আন্দোলন করেন নেতৃত্বরা।

নেতৃত্বরা আরো বলেন, মোদির আমলে যে বেকারত্বের হার বেড়েছে ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে এলেন দিলীপ ঘোষ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর ।।** ত্রিপুরার সদস্যতা সংগ্রহ অভিযানের পর্যবেক্ষক হিসেবে রাজ্যে এলেন প্রাক্তন সাংসদ তথা প্রাক্তন বিজেপি সর্বভারতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষ। তাঁকে রাজ্যের সদস্য সংগ্রহ অভিযানের দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিন এমবিবি বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, ২ সেপ্টেম্বর থেকে দেশব্যাপী বিজেপির সদস্যতা সংগ্রহ অভিযান শুরু হয়েছে। বিজেপি একমাত্র লক্ষ্য ১০ কোটি সদস্য করা। তাঁকে ত্রিপুরার পর্য্যবেক্ষক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

পাশাপাশি কলকাতা আরজি কর হাসপাতালের ঘটনা নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগ চাইলেন।

## রেলে সদস্যতা অভিযান করলেন বিজেপির রাজ্য সভাপতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** বিজেপি সদস্য পদ অভিযানের অঙ্গ হিসেবে আজ আগরতলা থেকে কুমারঘাট যেতে রেলে সদস্য অভিযান করেন বিজেপির রাজ্য সভাপতি তথা রাজ্যসভা সাংসদ রাজীব ভট্টাচার্য্য। এইদিনের এই কর্মসূচি সম্পর্কে বলতে গিয়ে রাজীব ভট্টাচার্য্য জানান, ইতোমধ্যেই গোটা দেশব্যাপী সদস্যপদ অভিযান শুরু হয়েছে।

এরই অঙ্গ হিসেবে এদিন আগরতলা থেকে শিলচরগামী ট্রেনে করে কুমারঘাটে আসেন তিনি। কুমারঘাটও সদস্যতা অভিযানে অংশগ্রহণ করেছেন। পাশাপাশি ট্রেনে আসতে সাধারণ



মানুষের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলেছেন।

নিত্যযাত্রীদের কোন ধরনের সমস্যা রয়েছে কিনা সে বিষয়েও অবগত হয়েছেন বলে জানিয়েছেন তিনি। প্রদেশ সভাপতি আরো জানান, ইতিমধ্যেই বিজেপির সদস্যতা অভিযানে অনলাইন মারফত চার লক্ষ এর কাছাকাছি সদস্যপদ গ্রহণ করা হয়েছে। অফলাইনেও এই সদস্যতা গ্রহণের অভিযান চলছে।

## ফের জল ও বিদ্যুতের দাবিতে পথ অবরোধ করে বিক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৮ সেপ্টেম্বর।।** জল ও বিদ্যুতের দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করলো গ্রামবাসীরা। ঘটনা বুধবার সকাল ৮:০০ ঘটিকার সময় বক্সনগর ব্লকের অন্তর্গত মানিক্যানগর পঞ্চায়েত এলাকায়।

এদিন সকাল ৮টা থেকে ১১ঘটিকা পর্যন্ত টানা প্রায় তিন ঘণ্টা যাবত বিশালগড় টু বক্সনগর সড়কের যান চলাচল বন্ধ হয়ে যায়। ফলে দুই দিকে প্রচুর যানবাহন আটকে পড়ে যাত্রী সাধারণের চরম ভোগান্তির শিকার হয়। সড়ক অবরোধস্থল থেকে আন্দোলনকারীরা অভিযোগ করে বলেন, বিগত পাঁচ দিন যাবত মানিক্যকনগর এলাকা বিদ্যুৎ বিচ্ছিন্ন। যার ফলে পানীয় জলেরও চরম সমস্যার সৃষ্টি হয়। এমনকি প্রচন্ড গরমে শিশু থেকে বৃদ্ধ সকলেই চরম কষ্ট ভোগ করতে হয়।

সড়ক অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান কলমচৌড়া থানার ওসি নাড়ু গোপাল দেবের নেতৃত্বে পুলিশ বাহিনী। পরবর্তীতে দীর্ঘ প্রায় তিন ঘন্টা পরে ওসির আশ্বাসে সড়ক অবরোধ মুক্ত হয়।

অপরদিকে, এই বিষয়ে বক্সনগর বিদ্যুৎ অফিসের সিনিয়র ম্যারনেজার শ্রী জাফর ইকবালের সাথে টেলিফোনিক যোগাযোগ করা হলে তিনি জানান, বিদ্যুৎ অফিসের বিশাল এলাকা কভারেজ করতে গিয়ে যথেষ্ট পরিমাণ কর্মী স্বল্পতা রয়েছে। ☛ ৬ এর পাতায় দেখুন

Page 1.pmd 1 19-09-2024, 00:54

# ট্রেন পরিচালনের সুরক্ষা ও সেকশনাল ক্ষমতা আরও বৃদ্ধির লক্ষ্যে আধুনিক সিগনালিং সিস্টেম গ্রহণ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের



মালিগাঁও, ১৮ সেপ্টেম্বর, ২০২৪: উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার রেলওয়ে নেটওয়ার্কের একাধিক গুরুত্বপূর্ণ সেকশনে অটোমেটিক ব্লক সিগনালিং সিস্টেম (এবিএস) এবং ইন্টারমিডিয়েট ব্লক সিগনালিং সিস্টেম (আইবিএস) বাস্তবায়নের মাধ্যমে উল্লেখযোগ্যভাবে ক্ষমতা বৃদ্ধি প্রকল্প গ্রহণ করেছে। এই উন্নয়নমূলক কাজের ফলে তিনটি প্রধান সেকশন উপকৃত হবে। এগুলি হলো ওল্ড মালদা-নিউ জলপাইগুড়ি, নিউ জলপাইগুড়ি-গুয়াহাটি ও কুমেদপুর-কাটিহার-মুকুরিয়া সেকশন। অঞ্চলটিতে রেল পরিষেবার বর্ধিত চাহিদা পূরণ করতে উন্নত ও আধুনিকীকরণ পরিকল্পনার অংশ হিসেবে কৌশলগত এই উদ্যোগের লক্ষ্য হলো জোনের পরিচালনমূলক দক্ষতা, সুরক্ষা এবং সামগ্রিক ক্ষমতার উন্নয়ন। বারসোই ও আলুয়াবাড়ি হয়ে ওল্ড মালদা -নিউ জলপাইগুড়ির প্রশস্ততার আওতাভুক্ত ২৩১ রুট কিলোমিটার (আরকেএম)। এই সেকশনে ৩৭১ কোটি টাকা ব্যয়ে এবিএস সিস্টেম বাস্তবায়িত করা হয়েছে, যা এই রুটের ট্রেন পরিচালনের ক্ষমতা উন্নত করবে। এই প্রশস্ততার মধ্যে ৬৬ আরকেএম প্রশস্তে এবিএস চালু করা হয়েছে। একইভাবে, ৬৪ আরকেএম আওতাভুক্ত কুমেদপুর-কাটিহার-মুকুরিয়া প্রশস্ততার পাশাপাশি ৪০৭ আরকেএম বিস্তৃত নিউ কোচবিহার ও রঙিয়া হয়ে নিউ জলপাইগুড়ি-গুয়াহাটি সেকশনটিতে ৫৬৮ কোটি টাকা ব্যয়ে এবিএস বাস্তবায়ন করার প্রকল্প অনুমোদিত হয়েছে। এবিএস সিস্টেমের মাধ্যমে সর্বমোট ৭০২ আরকেএম রেলওয়ে ট্র্যাক উপকৃত হবে, জোনের সুরক্ষা ও দক্ষতা উভয়ই বৃদ্ধি পাবে। বর্তমান অর্থবর্ষ ২০২৪-২৫-এর জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ১০২ আরকেএম ওল্ড মালদা -বারসোই-আলুয়াবাড়ি-নিউ জলপাইগুড়ি সেকশনে এবং ৫৬ আরকেএম নিউ জলপাইগুড়ি-নিউ কোচবিহার-রঙিয়া-গুয়াহাটি সেকশনে এবিএস কাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। অবশিষ্ট সেকশনগুলির জন্য টেন্ডার ইতিমধ্যে প্রদান করা হয়েছে অথবা চূড়ান্ত হওয়ার পর্যায়ে রয়েছে, ইতিমধ্যে যথেষ্ট পরিমাণের কাজ চলছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে আলিপুরদুয়ার ডিভিশনের অন্তর্গত আলিপুরদুয়ার-রাজা ভাত খাওয়া সেকশন ও বাগরাকোট-সেবক সেকশনের পাশাপাশি রঙিয়া ডিভিশনের অন্তর্গত আজারা-কামাখ্যা সেকশনে ০৩টি ইন্টারমিডিয়েট ব্লক সিগনালিং সিস্টেম (আইবিএস) সফলভাবে চালু করেছে। এগুলি নিয়ে ২০২৪-এর জুলাই মাস পর্যন্ত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে মোট ০৭টি আইবিএস স্থাপন করা হয়েছে। রেলওয়ের দীর্ঘ সেকশনগুলিকে ছোটো ছোট ব্লকে ভাগ করে ট্রেন পরিচালন বৃদ্ধির ক্ষেত্রে আইবিএস এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যার ফলে একইসঙ্গে উন্নত সুরক্ষা ও দক্ষতার সাথে বেশি ট্রেন চলাচল করতে পারে। এই সিস্টেমের ফলে ট্রেনের বিলম্বতা হ্রাস পায়, লাইনের ক্ষমতা বৃদ্ধি পায় এবং ট্রেন পরিচালনের সামগ্রিক নির্ভরযোগ্যতা বৃদ্ধি পায়, যাত্রী ও পণ্যবাহী ট্রেনের জন্য সুগম ও দ্রুত পরিবহণ নিশ্চিত হয়। পরিকাঠামোর এই উন্নয়ন রেলওয়ে নেটওয়ার্কের সেকশনাল ক্ষমতা যথেষ্ট বৃদ্ধি করবে বলে আশা করা হয়েছে, পাশাপাশি উন্নত সুরক্ষার সাথে ট্রেনের উচ্চ ফ্রিকোয়েন্সি পরিচালন করতেও সক্ষম হবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে। এবিএস এবং কবচ সিস্টেম বাস্তবায়নের ফলে ট্রেনের মধ্যে হেডওয়ে হ্রাস হবে, সময়ানুবর্তিতার উন্নতি ঘটবে এবং যাত্রী ও পণ্যবাহী পরিষেবার জন্য এক বৃহৎ নির্ভরযোগ্যতা প্রদান করবে। এই উন্নতির ফলে উত্তর পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়ার পাশাপাশি অধিক দক্ষ রেল পরিবহণের সুবিধার দ্বারা অঞ্চলটির অর্থনৈতিক কার্যকলাপও বৃদ্ধি লাভ করবে।

## ডিভিসি-র ছাড়া জলে প্লাবিত উদয়নারায়ণপুর, সমস্যায় সাধারণ মানুষ

হাওড়া, ১৮ সেপ্টেম্বর (হি.স.): ডিভিসি-র ছাড়া জলে হাওড়ার আমতার দীপাঞ্চলের পর এবার প্লাবিত হল উলুবেড়িয়ার উদয়নারায়ণপুর। মঙ্গলবার গভীর রাত থেকে দামোদরের নদী বাঁধ উপচে একাধিক গ্রামে জল ঢুকতে শুরু করে। জল কোথাও এক হাঁটু, আবার কোথাও এক কোমর। অন্যদিকে উদয়নারায়ণপুর ডিহিভুরশুট রাজ্য সড়ক জলমগ্ন হয়ে পড়ায় যান চলাচল বন্ধ হয়ে গেছে। চূড়ান্ত সমস্যায় পড়েছেন সাধারণ মানুষ।

## জুনিয়র চিকিৎসকদের আন্দোলন জারি, অব্যাহত অবস্থান বিক্ষোভ কর্মসূচি

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি. স.): আর জি কর-কাণ্ডে জুনিয়র চিকিৎসকদের একটানা আন্দোলন বুধবার ৩৯ দিনে পড়েছে। উল্লেখ্য, গতকাল দেশের শীর্ষ আদালতে আর জি কর মামলার শুনানি ছিল। এর পরিপ্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপ স্থির করতে জেনারেল বডি-র বৈঠক ডাকা হয়। রাতভর চলে তাদের পরিস্থিতি পর্যালোচনা। জিবি বৈঠকের পরের সিদ্ধান্ত অনুযায়ী, বুধবারও স্বাস্থ্যভবনের সামনে অবস্থান বিক্ষোভ ও আন্দোলন চলবে। জুনিয়র ডক্টরস ফ্রন্ট এর তরফে জানানো হয়েছে, যতদিন না তাদের সব দাবি রাজ্য সরকারের তরফেও পূরণ করা হচ্ছে ততদিন এই আন্দোলন চলবে। জুনিয়র ডাক্তাররা স্পষ্টভাবে জানিয়েছেন - আলোচনার পথ খোলা রয়েছে। দ্রুত সমাধান চান তাঁরা। আরও বলেন, সুপ্রিম কোর্টের শুনানি থেকেই বোঝা গিয়েছে তাদের দাবি কতটা ন্যায়সঙ্গত।

## জাতীয় সড়ক থেকে উদ্ধার দেহ, মুর্শিদাবাদে পথ দুর্ঘটনায় বাইক আরোহীর মৃত্যু

মুর্শিদাবাদ, ১৮ সেপ্টেম্বর (হি.স.): মুর্শিদাবাদে পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক বাইক আরোহীর। মঙ্গলবার গভীর রাতে মুর্শিদাবাদের নবগ্রাম থানার সুকি ও মহুলার মধ্যবর্তী এলাকায় পথ দুর্ঘটনা ঘটে। ১২ নম্বর জাতীয় সড়কে পথ দুর্ঘটনায় মৃত্যু হয় এক বাইক আরোহীর। মৃত যুবকের নাম, সুজন দাস। তাঁর বাড়ি সাগরদিঘি থানা এলাকায়। তিনি রাতে বাইকে বাড়ির দিকে যাচ্ছিলেন।

# প্রধানমন্ত্রী অন্নদাতা আয় সংরক্ষন অভিযানের (পিএম-আশা) প্রকল্পসমূহ চালিয়ে যাওয়ার অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে কৃষকদের লাভজনক মূল্য প্রদান এবং ক্রেতা সাধারণের জন্য অত্যাবশ্যকীয় পণ্যের মূল্যের অস্থিরতা নিয়ন্ত্রণে প্রধানমন্ত্রী অন্নদাতা আয় সংরক্ষন অভিযান (পিএম-আশা) কর্মসূচিসমূহ অব্যাহত রাখার জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

২০২৫-২৬ সাল পর্যন্ত পঞ্চদশ অর্থ কমিশন এর সময়কালে এই জন্য মোট ৩৫,০০০ কোটি টাকা ব্যয় হবে।

কৃষক ও উপভোক্তাদের উত্তম পরিষেবা প্রদান করার জন্য সরকার প্রধানমন্ত্রী মূল্য সহায়তা প্রকল্প (পিএসএস) এবং মূল্য স্থিতিশীলকরণ তহবিল (পিএসএফ) প্রকল্প দুটিকে একত্রিত করে পিএমআশা নামে একটি সমন্বিত প্রকল্প চালু করেছে। পিএম-আশার নামে সমন্বিত এই প্রকল্পটি আরও কার্যকার ফল নিয়ে আসবে যা কেবল কৃষকদের তাদের পণ্যের জন্য লাভজনক মূল্য প্রদানে সহায়তাই করবে না, ভোক্তাদের কাছে সাশ্রয়ী মূল্যে তাদের প্রাপ্যতা নিশ্চিত করে প্রয়োজনীয় পণ্যগুলির দামের অস্থিরতা নিয়ন্ত্রণ করবে। পিএম-আশার কাছে এখন প্রাইস সাপোর্ট স্কিম (পিএসএস), প্রাইস স্ট্যাবিলাইজেশন ফান্ড (পিএসএফ), প্রাইস ডেফিসিট পেমেন্ট স্কিম (পিওপিএস) এবং মার্কেট ইন্টারভেনশন স্কিম (এমআইএস) এর সমন্বিত উপাদানও থাকবে।

প্রাইস সাপোর্ট স্কিমের আওতায় এমএসপিতে বিজ্ঞাপিত ডাল, তৈলবীজ এবং কোপরা সংগ্রহ ২০২৪-২৫ মরসুম থেকে এই বিজ্ঞাপিত ফসলের জাতীয় উৎপাদনের ২৫ শতাংশের উপর থাকবে যা রাজ্যগুলিকে পারিশ্রমিকের দাম নিশ্চিত করতে এবং সঙ্কট বিক্রয় রোধ করার জন্য কৃষকদের কাছ থেকে এমএসপিতে এই ফসলগুলির আরও বেশি সংগ্রহ করতে সক্ষম করবে। তবে, এই ঊর্ধসীমা ২০২৪-২৫ মরসুমের জন্য তুর, উরাদ ও মাসুরের ক্ষেত্রে প্রযোজ্য হবে না কারণ ২০২৪-২৫ মরসুমে তুর, উরাদ ও মাসুরের ১০০u সংগ্রহ করা হবে।

সরকার কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে বিজ্ঞাপিত ডাল, তৈলবীজ এবং কোপরা সংগ্রহের জন্য বর্তমান সরকারি গ্যারান্টি ৪৫,০০০ কোটি টাকায় পুনর্নবীকরণ ও বৃদ্ধি করেছে। এটি বাজারে ন্যূনতম সহায়ক মূল্যের নীচে নেমে গেলে জাতীয় কৃষি সমবায় বিপণন ফেডারেশন অফ ইন্ডিয়া (নাফেড) এর ই-সমৃতি পোর্টাল এবং ন্যাশনাল কো-অপারেটিভ কনজিউমার্স ফেডারেশন অফ ইন্ডিয়ার (এনসিসিএফ) ই-সংযুক্ত পোর্টালে প্রাক-নিবন্ধিত কৃষক সহ এমএসপিতে কৃষকদের কাছ থেকে কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ (ডিএ ও এফডাব্লু) কর্তৃক ডাল, তৈলবীজ এবং কোপরা সংগ্রহে সহায়তা করবে। এতে কৃষকরা দেশে এই ফসলগুলিকে আরও বেশি করে চাষ করতে অনুপ্রাণিত হবেন এবং এই ফসলগুলিতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে অবদান রাখবেন যার ফলে অভ্যন্তরীণ প্রয়োজন মেটাতে আমদানির উপর নির্ভরতা হ্রাস পাবে।

প্রাইস স্ট্যাবিলাইজেশন ফান্ড (পিএসএফ) প্রকল্পের সম্প্রসারণ ডাল এবং পেঁয়াজের কৌশলগত বাফার স্টক বজায় রেখে কৃষি-উদ্যানজাত পণ্যগুলির দামের চরম অস্থিরতা থেকে গ্রাহকদের রক্ষা করতে; মজুতদারি, অসাধু ফটকাবাজি নিরুৎসাহিত করতে; এবং ভোক্তাদের সাশ্রয়ী মূল্যে সরবরাহে সহায়তা করবে। বাজারে ন্যূনতম সহায়ক মূল্যের চেয়ে বেশি দাম থাকলে নাফেডের ই-সমৃদ্ধি পোর্টাল এবং এনসিসিএফ-এর ই-সংযুক্ত পোর্টালে প্রাক-নথিভুক্ত কৃষকদের সহ উপভোক্তা বিষয়ক বিভাগ (ডিওসিএ) বাজার মূল্যে ডাল সংগ্রহ করবে। বাফার রক্ষণাবেক্ষণ ছাড়াও, পিএসএফ প্রকল্পের আওতায় টমেটোর মতো অন্যান্য ফসলের ক্ষেত্রে এবং ভারত ডাল, ভারত আটা এবং ভারত চালের ভর্তুকিযুক্ত খুচরো বিক্রয়ে হস্তক্ষেপ করা হয়েছে।

বিজ্ঞাপিত তৈলবীজের বিকল্প হিসাবে মূল্য ঘাটতি প্রদান প্রকল্প (পিডিপিএস) বাস্তবায়নে রাজ্যগুলিকে এগিয়ে আসতে উৎসাহিত করার জন্য, তৈলবীজের বিদ্যমান ২৫ শতাংশ থেকে ৪০ শতাংশ পর্যন্ত অন্তর্ভূক্তি বাড়ানো হয়েছে এবং কৃষকদের সুবিধার্থে বাস্তবায়নের সময়কাল ৩ মাস থেকে বাড়িয়ে ৪ মাস করা হয়েছে। এমএসপি এবং বিক্রয় / মোডাল মূল্যের মধ্যে তারতম্যের ক্ষতিপূরণ কেন্দ্রীয় সরকার দ্বারা বহন করা এমএসপির ১৫ শতাংশ পর্যন্ত সীমাবদ্ধ।

পরিবর্তনের সাথে বাজার হস্তক্ষেপ প্রকল্প (এমআইএস) বাস্তবায়নের সম্প্রসারণ পচনশীল উদ্যান ফসল উৎপাদনকারী কৃষকদের লাভজনক মূল্য প্রদান করবে। সরকার উৎপাদনের পরিধি ২০ শতাংশ থেকে বাড়িয়ে ২৫ শতাংশ করেছে এবং এমআইএস-এর অধীনে প্রকৃত সংগ্রহের পরিবর্তে সরাসরি কৃষকদের অ্যাকাউন্টে পৃথক অর্থ প্রদানের একটি নতুন বিকল্প যুক্ত করেছে। এছাড়াও, টমেটো (টমেটো, পেঁয়াজ ও আলু) ফসলের ক্ষেত্রে, শীর্ষ ফসল কাটার সময় উৎপাদনকারী রাজ্য এবং ভোক্তা রাজ্যগুলির মধ্যে শীর্ষ ফসলের দামের ব্যবধান পূরণ করার জন্য, সরকার নাফেড এবং এনসিসিএফের মতো কেন্দ্রীয় নোডাল এজেন্সিগুলির দ্বারা পরিচালিত কাজকর্মের জন্য পরিবহন ও স্টোরেজ ব্যয় বহন করার সিদ্ধান্ত নিয়েছে যা কেবল কৃষকদের লাভজনক মূল্যই নিশ্চিত করবে না, বাজারে ভোক্তাদের জন্য শীর্ষ ফসলের দামও নরম করবে।

## জলের তলায় পাঁশকুড়া শহরের চাঁপাডালি এলাকা, কাঁসাই নদীর জল উপচে ভাসল বিস্তীর্ণ অঞ্চল

পাঁশকুড়া, ১৮ সেপ্টেম্বর (হি.স.): পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া শহরের চাঁপাডালি এলাকা কার্যত পুরোপুরি জলের তলায়। কোমর সমান জল পেরিয়ে যাতায়াত করতে হচ্ছে আমজনতাকে। এলাকার দোকান খালি করার তোড়জোড় শুরু হয়েছে। তমলুক থেকে পাঁশকুড়া বিডিও অফিসের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। পিচ রাস্তার উপরও হাঁটু অবধি জল। শহরে একের পর এক ওয়ার্ড জলমগ্ন হচ্ছে।অন্যদিকে, পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরায় মঙ্গলবার রাতে কাঁসাই নদী উপচে জলে ভাসল বিস্তীর্ণ এলাকা। লোয়াদা, ভবানীপুর, গায়েসপুর, বীরসিংপুর-সহ বেশ কয়েকটি গ্রামে জলবন্দি হয়ে পড়েছে বহু মানুষ। পঞ্চায়েত সমিতি সূত্রে খবর, লোয়াদায় কাঁসাইয়ের দুকুল উপচে জল ঢুকছে। লোয়াদা বাজারেও জল ঢুকেছে। পঞ্চায়েত সমিতির সহ সভাপতি প্রদীপ কর বলেন দু'জায়গায় বাঁধ ভেঙেছে। বুধবার সকাল থেকে জলবন্দি মানুষদের উদ্ধারের কাজ শুরু হয়েছে। অনেক এলাকায় নৌকা নামিয়ে উদ্ধারের কাজ করতে হচ্ছে।

## অসুস্থ পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান, ভর্তি দিল্লির হাসপাতালে

চণ্ডীগড়, ১৮ সেপ্টেম্বর (হি.স.): হঠাৎই অসুস্থ পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। মঙ্গলবার রাতে পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান-এর শারীরিক অবস্থার অবনতি হয়। এরপর তাকে চিকিৎসার জন্য দিল্লির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়।

জানা গেছে, মুখ্যমন্ত্রী মান মঙ্গলবার রাতে চণ্ডীগড় বিমানবন্দরে নামার সঙ্গে সঙ্গেই অসুস্থ বোধ করেন। তাঁকে প্রথমে চণ্ডীগড়ে মুখ্যমন্ত্রীর বাসভবনে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে দিল্লির একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে বিশেষজ্ঞ চিকিৎসকরা তাঁর চিকিৎসা করছেন। উল্লেখ্য, ১৩ সেপ্টেম্বর দিল্লিতে পৌঁছন ভগবন্ত মান। এরপর থেকে তিনি দিল্লিতেই ছিলেন। ফের চিকিৎসার জন্য তাঁকে নিয়ে যেতে হলো দিল্লিতে।

# অরবিন্দ কেজরিওয়ালকে সততার সার্টিফিকেট দেবেন দিল্লিবাসী, আশাবাদী সঞ্জয় সিং

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): অরবিন্দ কেজরিওয়ালকে পূর্ণ সংখ্যাগরিষ্ঠতার সঙ্গে সততার সার্টিফিকেট দেবেন দিল্লিবাসী। আশাবাদী আম আদমি পার্টির সাংসদ সঞ্জয় সিং। বুধবার এক সাংবাদিক সম্মেলনে সঞ্জয় সিং বলেছেন, 'আমার পূর্ণ বিশ্বাস রয়েছে, দিল্লিবাসী অরবিন্দ কেজরিওয়ালকে বিপুল সংখ্যাগরিষ্ঠতার সঙ্গে সততার সার্টিফিকেট দেবেন। তিনি সম্পূর্ণ সততা ও আন্তরিকতার সঙ্গে দিল্লির জনগণের সেবা করেছেন।'সঞ্জয় সিং আরও বলেছেন, 'একজন মুখ্যমন্ত্রী অনেক সুযোগ-সুবিধা পান। অরবিন্দ কেজরিওয়ালও সেই সুযোগ-সুবিধা পেয়েছেন। গতকাল যখন তিনি পদত্যাগ করেন, তখন তিনি বলেছিলেন, তিনি এক সপ্তাহের মধ্যে নিজের বাড়ি খালি করবেন, তাঁকে বোঝানোর চেষ্টা করা হয়েছে যে তাঁর নিরাপত্তা ঝুঁকির মুখে রয়েছে, তবুও তিনি সিদ্ধান্তে অনড়। তিনি বলেন, ৬ মাস জেলে ছিলেন এবং ভয়ঙ্কর অপরাধীদের মধ্যে বাস করেছিলেন। তিনি বলেন, কেবল ঈশ্বরই তাঁকে রক্ষা করবেন, তাই তিনি সিদ্ধান্ত নিলেন ঘর ছেড়ে সাধারণ মানুষের মাঝে বসবাস করবেন। তিনি কোথায় থাকবেন তা এখনও ঠিক হয়নি।'

## রাজ্য জুড়ে বিজেপির প্রতিবাদ কর্মসূচি শুরু, চলবে পয়লা অক্টোবর পর্যন্ত

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.): আর জি করের ঘটনার প্রতিবাদে বিজেপি বুধবার থেকে রাজ্য জুড়ে নিজেদের পূর্ব নির্ধারিত কর্মসূচি ছড়িয়ে দিতে আগ্রহী। সুতরাং ভারতীয় জনতা পার্টির কর্মী ও সমর্থকরা এই রাজ্যের সব জায়গায় পথসভার ডাক দিয়েছে। কলকাতা শহরের লাইফলাইন ধর্মতলা চত্বরে ধর্না মঞ্চ বেঁধে একটানা ওই অবস্থান চলেছে। ওই ধর্নার সমাপ্তি পর্বে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, ১৮ সেপ্টেম্বর থেকে পয়লা অক্টোবর

**NOTIFICATION**

A second round offline counselling will be held on 24-09-2024 from 11 A.M onwards at the office of the Directorate of Medical Education, Bidurkarta Chowmuhani, Agartala, Tripura West from common merit list of GNM ( Male + Female) and ANM (Female) candidates for the academic year 2024-25 for admission in the different Government Nursing Training Institute of Tripura and School and College of Nursing TIPS, Hapania, Agartala as per agreement with the State Government.

(A) Vacant seat matrix of Government Nursing Institute:-

| Dr. BRAM Nursing School, IGM Hospital Agartala for GNM (M) course | ANM (R) Training Institute, Palace Compound, Agartala. | ANM (R) Training Institute, Kailashahar, Unakoti Tripura. | ANM (R) Training Institute, Santirbazar, South Tripura. | Venue & date |
|---|---|---|---|---|
| Vacant Seat- 01<br>UR-01<br>ST-Nil<br>SC-Nil | Vacant Seat- 10<br>UR-06<br>ST-01<br>SC-03 | Vacant Seat- 07<br>UR-Nil<br>ST-07<br>SC-Nil | Vacant Seat- 02<br>UR-Nil<br>ST-Nil<br>SC-02 | Directorate of Medical Education, Bidurkarta Chowmuhani, Agartala, Tripura West on 24-09-2024 at 11 AM onwards. |

(A) The seat matrix of TIPS is given bellow:-

| SL. No. | GNM (M +F) 14 Nos. Seats | | ANM ( F) 21Nos. Seats | | Venue & date |
|---|---|---|---|---|---|
| 1 | UR | 07 | UR | 11 | Directorate of Medical Education, Bidurkarta Chowmuhani, Agartala, Tripura West on 24-09-2024 at 11 AM onwards. |
| 2 | ST | 04 | ST | 06 | |
| 3 | SC | 03 | SC | 04 | |
| Total: | 14 Nos. | | 21 Nos. | | |

The details terms & conditions including fee structure of the TIPS published in DME website www.dme.tripura.gov.in.

Interested candidates shall have to attend aforesaid counseling for GNM (M+F) and ANM (F) on 24-09-2024 at 10:30 AM with the following documents in original and one set of photo copies of all documents positively and reporting time is 10:30 to 12:00 Noon.

List of documents:-

1. Online Registration acknowledgement.
2. PRTC
3. HS (+2) stage or equivalent examination pass mark sheet for GNM (M+F) and ANM (F) candidates.
4. If any ANM pass candidates from INC and SNRC recognized Institution apply for GNM course they should submit mark sheet of ANM (R) course positively.
5. Admit card of Madhyamik Examination.
6. ST/SC Certificate (if applicable).
7. If any disability certificate of locomotors to the tune of 40% to 50% of lower extremity must be submit positively.
8. WESM certificate (ward of Ex-Service men), if applicable.
9. 4 (four) copies of colour passport size photo.

(Prof. Dr. H.P. Sarma)
In-Charge, Director of Medical Education
Government of Tripura,
Agartala.

ICA/D=891/24

AGARATAL MUNICIPAL CORPORATION,
AGARTALA: TRIPURA

**Notice inviting e-tender**

**PNIe-T- No. 08/EE/DWS/AMC/2024-25/ Dated 17-09-2024**

The Executive Engineer, DWS Division, AMC on behalf of the Hon'ble Mayor, AMC, invites online percentage rate bids, on open bidding format for following work (S):

| Sl No. | DNIeT No | Estimated Cost | Earnest Money | Time for Completion |
|---|---|---|---|---|
| 1 | Repair & Maintenance of existing drinking water supply pipeline in Swami Vivekananda Abasan/ Housing Complex (14 nos Blocks), Kunjaban under Ward No. 05, AMC | 38,26,393 | 76,528 | 02(Two) Months |

1. Last time and date of submission of Bid : 05/10/2024. 15.00 Hrs.
2. Time and date of opening of bid : 05/10/2024 at 16.00 Hrs (If Possible)
3. Bid forms and other details can obtained from website https://tripuratenders.gov.in

**Executive Engineer**
**DWS Division**
**Agartala Municipal Corportation.**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 03/TSR-9/QM/E-TENDER/2024-25**
**DATED 12/09/2024**

The Commandant, 9th Bn TSR(IR-IV), Hichacherra, Jolaibari, South Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 27/09/2024 for the following works:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Construction of 01(one) TTS barrack size (40' X 20'), half wall, GCI sheet walling & roofing in/c partition wall, with 4" front verandah for jawans accommodation (near parade ground) at Bn HQr, 9th Bn TSR (IR-IV), Hichacherra<br>DNIT No:<br>03/TSR-9/QM/E-TENDER/2024-25 | Rs. 9,09,376.00 | Rs. 9,094.00 | 03(three)) months. | Up to 15.00 Hrs on 27/09/2024 | At 16.00 Hrs on 28/09/2024 | https://tripuratenders.gov.in | Appropriate Class |

For more details kindly visit: https://tripuratenders.gov.in
ICA/C/1694/24

**For and on behalf of the Governor of Tripura.**
**149144**
**(Alok Bhattacharjee)**
**Commandant, 9th Bn TSR(IR-IV) Hichacherra, Jolaibari, South Tripura**

**CORRIGENDUM**
**Reference Tender ID: 2024_CEPWD_52043_1**
**PNIT No.: 49/EE/CCD/PWD/2024-25, Dated: 2/09/2024**

Due to some unavoidable circumstances the tender vide the above stated PNIT number and Tender ID is hereby cancelled.

**ICA/C/1687/24**

**(Er Bijan Das)**
**Executive Engineer**
**Capital Complex Division, PWD(B),**
**Kunjaban Extension,**
**Agartala**

**NOTIFICATION**

It is for information of all candidates enlisted in provisional Merit List published for admission in D.El.Ed course for the academic session 2024-26 that the allotment of seats for 3rd round admission has been published in the SCERT website www.scertonline.tripura.gov.in as per notification No.F.40 (4-55)- SCERT/ ADMI/ D.El.Ed/2024/231, dated 18/06/2024. The online admission process for the applicants enlisted in 3rd allotment will be started from 20/09/2024 to 23/09/2024 (except holiday on 22nd September)

Accordingly, all the eligible intended candidates, enlisted in the allotment of seat (3rd round) are hereby requested to go through the SCERT website www.scertonline.tripura.gov.in for completion of their online payment of admission fee amounting of Rs. 3000/- (Rupees three thousand) only.

Thereafter, candidates will report to the respective allotted institutes along with the payment receipt and other relevant original documents during the period w.e.f 20/09/2024 to 23/09/2024 (except holiday on 22nd September) for admission. The online system will be closed after 23/09/2024 and accordingly, No candidates will be allowed to get admission after 23rd September, 2024.

In this regard, it is also informed that-

i. Applicants who declined to get admission in the enlisted institute within the specified timeline in spite of getting preference option- 1, he/she will not be considered for next round.

ii. The applicants who have got admission against the enlisted any preference option, his/her admission remain unaltered/unchanged against that institution.

iii. The applicants who have Not got admission against the enlisted preference option other than preference option-1, his/her candidature will be considered for next round in system generated seat allotment, if and only if his/her preference option is upgraded.

The selected candidates will have to pay online payment of Rs. 3000/- (Rupees three thousand) only for admission (including Rs. 1000/- as Caution Money).

**ICA/D/889/24**

**Signed by Lalnunnemi Darlong**
**Director,**
**SCERT, Tripura**

**বিজ্ঞপ্তী**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে আমবাসা আই সি ডি এস প্র্যোজ্যাক্টের অধীনে বিভিন্ন গ্রামপঞ্চায়েত/এডিসি ভিলেজ/আমবাসা পৌর পরিষদের বিভিন্ন ওয়ার্ডে যেখানে অঙ্গণওয়াড়ী কর্মী ও সহকর্মী শূণ্যপদ খালি আছে। সেইসব শূণ্যপদ গুলি WALK - IN - INTERVIEW এর মাধ্যমে পূরন করা হবে।ইচ্ছুক প্রার্থীদের আবেদন পত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।আবেদন পত্র জমা দেওয়ার তারিখ ২৩শে সেপ্টেম্বর ২০২৪ ইং হইতে ৩০ শে সেপ্টেম্বর,২০২৪ ইং বিকাল ৫ ঘটিকা পর্য্যন্ত ছুটির দিন ব্যতীত জমা রাখা হবে।আরো বিশদভাবে জানার জন্য নিবীড় শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ICA/D-888/24

ধন্যবাদন্তে

ভারপ্রাপ্ত নিবীড় শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক। আমবাসা আই সি ডি এস প্র্যোজ্যাক্ট,ধলাই ত্রিপুরা।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## হার্ট থেকে কিডনি, প্রয়োজনের তুলনায় একটু বেশি খেলে ক্ষতি হতে পারে



খাবারে সামান্য একটু নুন কম হলেই মেজাজ একেবারে সপ্তমে। আলাদা করে নুন না মিশিয়ে ঝাল, ঝোল, তরকারি কিছুই মুখে রোচে না। এমনকি বাইরে বেরিয়ে সামান্য ফুচকা খেতে গেলেও আলুর পুরে বেশি করে নুন মেশাতে বলতে হয়। শরীরে প্রয়োজনীয় নানা উপাদনের মধ্যে সোডিয়াম অত্যন্ত প্রয়োজনীয়। যা সাধারণ খাবারের মধ্যে দিয়েই প্রতি দিন শরীরে প্রবেশ করে। তবে তারও নির্দিষ্ট মাত্রা আছে। দিনের পর দিন শরীরে প্রয়োজনের অতিরিক্ত নুন খাওয়ার ফলে শরীরে কেমন প্রভাব পড়ে, তা জানেন?

১) উচ্চ রক্তচাপ নুন বেশি খেলে রক্তে সোডিয়ামের মাত্রা বেড়ে যায়। যা রক্তচাপ বেড়ে যাওয়ার জন্যে অনেকাংশে দায়ী। রক্তের চাপ নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে তা রক্তবাহিকার উপর চাপ সৃষ্টি করতে থাকে। ফলে স্ট্রোক, হার্ট অ্যাটাকের আশঙ্কা বেড়ে যায়।

২) কিডনির সমস্যা শরীরে তরলের মাত্রা ঠিক রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কিডনি। অতিরিক্ত নুন খেলে শরীরে তরলের পরিমাণ বেড়ে যায়। ফলে কিডনির উপর চাপ পড়ে। দীর্ঘ দিন ধরে কিডনির উপর চাপ পড়তে থাকলে তা বিকল হয়ে যাওয়ার আশঙ্কা উড়িয়ে দেওয়া যায় না। ৩) ওয়াটার রিটেনশন অতিরিক্ত নুন খেলে শরীরে তরলের মাত্রা বাড়তে থাকে। এই অতিরিক্ত তরলই শরীরের বিভিন্ন জায়গায় জমতে শুরু করে। পায়ের পাতা, গোড়ালি বা হাতের বেশ কিছু অংশে ফোলা ভাব দেখা যায়। সেখান থেকে প্রদাহ বাড়তে পারে।

৪) জল তেষ্টা বাড়িয়ে দেয়
অতিরিক্ত নুন খেলে জল তেষ্টা বেড়ে যায়। তাতে শরীরের ভাল তো নয়ই উল্টে ক্ষতির সম্ভাবনাই বেশি। শরীর ভাল রাখতে গেলে জল খাওয়া প্রয়োজন। তবে তারও নির্দিষ্ট মাপ রয়েছে। সারা দিনে ৭ থেকে ৮ গ্লাস অর্থাৎ ৩ থেকে ৪ লিটার জল খাওয়াই যথেষ্ট বলে মনে করেন চিকিতকেরা। তার বেশি জল খেলেই কিডনি, লিভারের মতো অঙ্গের উপর চাপ পড়ে। ৫) অস্টিয়োপোরোসিস
অতিরিক্ত নুন খেলে হাড় ক্ষয়ে যাওয়ার আশঙ্কা বৃদ্ধি পায়। মাত্রাতিরিক্ত নুন খেলে শরীরে জলের পরিমাণ বেড়ে যায়। হাড়ের জন্যে প্রয়োজনীয় ক্যালশিয়াম মূত্রের মাধ্যমে বেরিয়ে যায়। ফলে হাড় সহজেই ভঙ্গুর হয়ে পড়ে।

## ডায়েট করেও ওজন কিছুতেই কমছে না?



পুজোর আগে রোগা হওয়ার জন্য অনেকেই তোড়জোড় শুরু করেন। খাওয়াদাওয়ায় নিয়ন্ত্রণ না করলে ওজন কমানো সম্ভব নয়। শরীরে মেদ জমা হয় খাওয়াদাওয়ার বেনিয়মেই। সেই বাড়তি ওজন ঝরাতে রাশ টানতে হবে খাওয়াদাওয়াতেই। ছিপছিপে হতে তাই কমবেশি সকলেই ভরসা রাখেন ডায়েটে। রোগা হওয়ার পরিকল্পনা করলেই প্রায় উপোস করার পথে হাঁটতে শুরু করেন কেউ কেউ।

তাতে অবশ্য লাভ কিছু হয় না। বরং ক্ষতি হয় যথেষ্ট। ডায়েট করেও ওজন ঝরে না। জেনে নিন, কোন অভ্যাসগুলি ওজন কমানোর পথে বাধা হয়ে দাঁড়ায়।

প্রোবায়োটিক না খাওয়া: ওজন ঝরানোর পর্বে প্রোবায়োটিক অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শরীরে প্রোবায়োটিকের ঘাটতি হলে ওজন কমানো মুশকিল হয়ে পড়ে। দইয়ে প্রোবায়োটিক সবচেয়ে বেশি থাকে। ওজন নিয়ন্ত্রণে রাখতে প্রোবায়োটিক খেতেই হবে। রোজ নিয়ম করে দই, দইয়ের ঘোল, দই দিয়ে বানানো ফ্রুট স্যালাড বেশি করে খেতে হবে।

জল কম খাওয়া: ওজন কমানোর জন্য শুধু কড়া ডায়েট মানলেই হবে না, জলও খেতে হবে পর্যাপ্ত পরিমাণে। নিয়ম মেনে ডায়েট করলেও জল খেতে ভুলে যান অনেকেই। জল কম খেলে হজম ভাল হয় না। রোগা হওয়ার জন্য হজম ঠিকঠাক হওয়া জরুরি। প্রয়োজনের তুলনায় কম জল খাওয়ার অভ্যাস ওজন বাড়িয়ে দেয়। তাই রোজ বেশি করে জল খেতে হবে। এ ছাড়া, জল বেশি আছে এমন ফল, ফলের রস খাওয়া যায়।

সকালের খাবার না খাওয়া: সকালে উঠে অনেক ক্ষণ খালি পেটে থাকা সবচেয়ে খারাপ অভ্যাস। এতে ওজন তো কমেই না, উল্টে বেড়ে যায়। উপোস করে থেকে ওজন কমানোর পরিকল্পনা একেবারেই ভুল। বরং সময় মতো স্বাস্থ্যকর খাবার খেয়ে ওজন ঝরানো যায়। ওজন নিয়ন্ত্রণে রাখতে চাইলে সকালের খাবার এড়িয়ে গেলে চলবে না।

চিনি খাওয়ার অভ্যাস: ওজন ঝরানোর জন্য ডায়েট করতে গিয়ে মিষ্টি, কেক-পেস্ট্রি খাওয়া ছেড়ে দিয়েছেন, অথচ রোজ সকালে চিনি দেওয়া চা, এমনকি রান্নাতেও চিনি ব্যবহার করছেন। দ্রুত ওজন ঝরাতে চাইলে সবার আগে চিনি খাওয়া বন্ধ করতে হবে।

শরীরচর্চা না করা: খুব বেশি কড়া ডায়েট যেমন কিটো ডায়েট কিংবা ক্রাশ ডায়েট করে ওজন ঝরানোর তুলনায় পুষ্টিবিদেরা স্বাস্থ্যকর খাবার খেয়ে ওজন কমানোর পরামর্শ দেন বেশি। তবে কেবল ডায়েট নয়, সঙ্গে অবশ্যই শরীরচর্চাও করতে হবে। জিমে গিয়ে ঘণ্টার পর ঘণ্টা ভারী শরীরচর্চা না করলেও হাঁটাহাঁটি, জগিং, কার্ডিয়ো, যোগাসনের মতো হালকা ব্যায়াম কিন্তু করতেই হবে।

## দুধ, ছানা না খেলেও সময়ে সুস্থ থাকতে গেলে নিয়মিত টক দই খেতে হবে



দুধের চেয়ে দইয়ের পুষ্টিগুণ অনেকটাই বেশি। দুধ থেকে দই তৈরির যে স্বাভাবিক প্রক্রিয়া, তাতেই ল্যাক্টোব্যাসিলাস ব্যাক্টেরিয়ার জন্ম। ফলে যাঁদের ল্যাক্টোজ ইনটলারেন্স রয়েছে, তাঁদের দই খেতে সমস্যা হয় না। বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে, অন্ত্রে থাকা ভাল ব্যাক্টেরিয়ার পরিমাণ বাড়িয়ে তুলতে পারে টক দই।

তাই শিশু থেকে বৃদ্ধ, সকলকেই টক দই খাওয়ার পরামর্শ দেন পুষ্টিবিদেরা। টক দই খেলে শরীরে আর কী কী উপকার হয় জানেন?

১) প্রতিরোধশক্তি বাড়িয়ে তোলে
আবহাওয়ার খামখেয়ালি স্বভাবের জন্য সংক্রমণজনিত নানা প্রকার রোগের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। সর্দি-কাশি-জ্বর তো প্রায় প্রতিটি ঘরেই হচ্ছে। এই সময়ে নিয়মিত টক দই খেলে তা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তুলতে সাহায্য করতে পারে।

২) হাড় মজবুত করে
পুরুষদের তুলনায় মহিলাদের হাড়ের ক্ষয় হয় বেশি। তাই অস্টিয়োপোরোসিসের মতো হাড়ের রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকে। তবে নিয়মিত টক দই খেলে পর্যাপ্ত পরিমাণে ক্যালশিয়াম শরীরে পৌঁছয়। যা এই ধরনের হাড়ের সমস্যা কিছুটা হলেও নিয়ন্ত্রণ করতে পারে।

৩) উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে
টক দই উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। যাঁরা নিয়মিত টক দই খান, তাঁদের রক্তে খারাপ কোলেস্টেরলের মাত্রাও সীমার মধ্যেই থাকে। ফলে ধমনীর পথ রুদ্ধ হয়ে হার্ট অ্যাটাক বা স্ট্রোক হওয়ার আশঙ্কা কিছুটা হলেও এড়িয়ে চলা যায়। ৪) গোপনাঙ্গের সুরক্ষায় বর্ষাকালে মহিলাদের গোপনাঙ্গে ছত্রাকঘটিত সংক্রমণের বাড়বাড়ন্ত দেখা যায়। যৌনাঙ্গের পিএইচের মাত্রায় হেরফের হতে পারে। চিকিৎসকেরা বলছেন, টক দইয়ে থাকা ভাল ব্যাক্টেরিয়া এই ধরনের ছত্রাকঘটিত সংক্রমণ রুখে দিতে পারে।

৫) ওজন নিয়ন্ত্রণে সাহায্য করে
পুজোর আগে শরীরের বাড়তি মেদ ঝরিয়ে ছিপছিপে হতে চাইলে নিয়মিত টক দই খাওয়া শুরু করতে হবে এখন থেকেই। কারণ, টক দই খেলে বিপাক হার ভাল হবে। আর বিপাকহার ভাল হলে ওজন ঝরানো সহজ হবে। এ ছাড়াও, শরীর থেকে কর্টিজল হরমোন ক্ষরণের মাত্রাও নিয়ন্ত্রণ করে টক দই। এই কর্টিজল হরমোনও কিন্তু শরীরে মেদ জমার আরও একটি কারণ।

## চুলের তেল, প্যাক, সিরাম, তৈরি করা যায় পেঁয়াজের খোসা দিয়ে



প্রতি দিনের মাছের পদে পেঁয়াজ, রসুন না পড়লেও ডিম কিংবা মাংস রাঁধতে গেলে পেঁয়াজ চাই। রূপচর্চাতেও পেঁয়াজের রস কাজে লাগে। তাই পেঁয়াজ কাটার পর তার খোসার জায়গা হয় আবর্জনার বালতিতে। শুনতে অবাক লাগলেও এ কথা সত্যি যে পেঁয়াজের মতোই পেঁয়াজের খোসারও অনেক গুণ রয়েছে। সামনেই তো পুজো। বেহাল চুলের জেল্লা ফেরাতে প্রচুর খরচ করে সালোঁয় না গিয়ে পেঁয়াজের খোসা দিয়েই তৈরি করে ফেলতে পারেন তেল, সিরাম এবং মাস্ক।


যা নিষ্প্রাণ চুলে জেল্লা আনবে এবং অতিরিক্ত চুল ঝরে পড়ার সমস্যা থেকেও রেহাই দেবে।

১) পেঁয়াজের খোসা দিয়ে তৈরিহেয়ার মাস্ক:
পেঁয়াজের খোসা রোদে শুকিয়ে গুঁড়ো করে রাখতে পারেন। না হলে দোকান থেকে তা কিনেও আনতে পারেন। এ বার খোসার সঙ্গে পরিমাণ মতো অ্যালো ভেরা জেল মিশিয়ে একটি প্যাক তৈরি করুন। স্নানের আগে মাথার ত্বকে, চুলে ভাল করে মেখে রাখুন এই মিশ্রণ। ঘণ্টাখানেক রেখে মাইল্ড কোনও শ্যাম্পু দিয়ে চুল ধুয়ে ফেলুন।

২) পেঁয়াজের খোসা ভেজানো জল:
বাজার থেকে কেনা সিরামে রাসায়নিক পদার্থ থাকতেই পারে। তাই বলে চুলের যত্নে সিরাম মাখা বন্ধ থাকবে কেন? বাড়িতে সহজেই তৈরি করে ফেলতে পারেন এই প্রসাধনীটি। একটি পাত্রে জল এবং পেঁয়াজের খোসা ভাল করে ফুটিয়ে নিন। জল কিছুটা ঠান্ডা হলে ছাঁকনি দিয়ে ছেঁকে নিন। স্নানের আধ ঘণ্টা আগে ওই জল দিয়ে মাথা ধুয়ে নিন। তার পর হালকা কোনও শ্যাম্পু দিয়ে চুল ধুয়ে ফেলুন।

৩) পেঁয়াজের খোসা দিয়ে তৈরি তেল:
নারকেল তেল এবং রোদে শুকনো করে রাখা পেঁয়াজের খোসা ভাল করে মিশিয়ে নিন। এ বার হালকা আঁচে তেল গরম হতে দিন। কিন্তু ফোটানোর প্রয়োজন নেই। তার পর একটু ঠান্ডা হলে মাথার ত্বকে মেখে ফেলুন। আধঘণ্টা রেখে মাইল্ড কোনও শ্যাম্পু দিয়ে চুল ধুয়ে ফেলুন।

## রোজ সকালে একবাটি ছোলা খেলেই সুগার, কোলেস্টেরল থাকবে নিয়ন্ত্রণে



হালে প্রোটিন পাউডার যুক্ত হয়েছে ফিটনেস ফ্রিকদের ডায়েটে। এর আগে ব্যায়ামবীররা মুগুর ভাঁজার পর ছোলাই খেতেন। যাঁরা রোজ নিয়ম করে মাঠে ছুটতে যেতেন তাঁরাও প্রথমে সেই গুড় আর ছোলাই খেতেন। একমুঠো ভেজানো ছোলা দিয়ে হত দিনের শুরু , বাচ্চাদের ঘুম থেকে তুলে একরকম জোর করেই ভেজানো ছোলা-বাদাম-মুগ খেতে দোওয়া হত। ছোলার একাধিক স্বাস্থ্য উপকারিতা রয়েছে। ছোলার মধ্যে প্রচুর পরিমাণ প্রোটিন থাকে যা আমাদের পেশী গঠনে সাহায্য করে। ছোলা ফাইবারের খুব ভাল উৎস ফলে হজমে কোনও রকম সমস্যা হয় না, কোষ্ঠকাঠিন্য দূর করতেও ছোলার কোনও তুলনা নেই। ছোলায় রয়েছে প্রচুর পরিমাণ ক্যালশিয়াম যা হাড়, দাঁত মজবুত করতে সাহায্য করে।ছোলার ডালে ভিটামিন সি, ভিটামিন বি এবং ফোলেটের মতো বিভিন্ন ধরনের ভিটামিন রয়েছে যা শরীর স্বাস্থ্যের উন্নতিতে সাহায্য করে। এছাড়াও ছোলার মধ্যে থাকে ফোলিক অ্যাসিড-যা গর্ভবতী মহিলাদের জন্য খুবই উপকারী। ছোলাতে প্রচুর পরিমাণ ম্যাগনেসিয়ামও থাকে, যা একটি শিশুর বৃদ্ধিতে সাহায্য করে। আর অঙ্কুরিত ছোলা খেতে পারলে তার তো উপকারিতা অনেক- শরীরকে সমস্ত রকম প্রয়োজনীয় পুষ্টি দিতে ছোলার কোনও তুলনা নেই। ছোলায় প্রোটিন, ফাইবার, ভিটামিন আর মিনারেল প্রচুর পরিমাণে থাকে। ফলে তা শরীরকে শক্তি দেয় আর স্বাস্থ্যেরও উন্নতি করে। অঙ্কুরিত ছোলার মধ্যে প্রোটিনের ভাগ অনেক বেশি থাকে। যা পেশীর বিকাশের জন্য প্রয়োজন। যাঁরা নিরামিষ খান তাঁদের প্রতিদিন একমুঠো করে ছোলা খাওয়া দরকার।

ছোলার মধ্যে প্রচুর পরিমাণ ফাইবার থাকে যা আমাদের হজম করতে সাহায্য করে। সেই সঙ্গে কোষ্ঠকাঠিন্যও দূর করে। তাই পেটের সমস্যা হলে রোজ নিয়ম করে ছোলা খেতে হবে।অঙ্কুরিত ছোলায় রয়েছে ভিটামিন সি, ভিটামিন এ, ভিটামিন বি এর পাশাপাশি বি কমপ্লেক্স, যা আপনার শারীরিক স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে। এছাড়াও, এতে ক্যালসিয়াম, আয়রন, ম্যাগনেসিয়াম এবং পটাসিয়ামের মতো খনিজ উপাদান রয়েছে যা হাড় ও হার্টের জন্য প্রয়োজনীয়

যাঁরা দীর্ঘদিন ধরে ডায়াবেটিসে ভুগছেন তাঁদের জন্যেও খুব উপকারী হল ছোলা। সকালে ঘুম থেকে উঠে ছোলা খেলে সারাদিন সুগার বশে থাকে। অঙ্কুরিত ছোলার মধ্যে থাকে প্রচুর পরিমাণ ক্যালশিয়াম যা হাড় ও দাঁত মজবুত রাখে। আর ছোলাতে আয়রনের ভাগ অনেক বেশি। থাকে ক্যালশিয়ামও। ফলে হাড়ের জোর বাড়াতে, শরীরে রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়িয়ে তুলতে, জটিল হার্টের সমস্যা প্রতিরোধ করতে এবং কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখতে নিয়ম করে অঙ্কুরিত ছোলা খান।

## রাতে জাগারে অভ্যাস অজান্তেই শরীরে বাসা বাঁধছে ডায়াবেটিস




ব্যস্ত জীবনযাপন এবং কাজের কারণে বেশিরভাগ মানুষই আজকাল পর্যাপ্ত পরিমাণে ঘুমাতেপারেন না। যার প্রত্যক্ষ প্রভাব পরে স্বাস্থ্যের উপর। আজকাল আধুনিক জীবনধারার কারণে মানুষ গভীর রাত পর্যন্ত জেগে থাকেন। আর এটি তাঁদের কাছে ভীষণ সাধারণ একটি অভ্যাসে পরিণত হয়েছে। কিন্তু এই সাধারণ অভ্যাস যে তাঁদের জীবনে কতটা ক্ষতি করছে, তা টেরই পাচ্ছেন না অনেকে।সম্প্রতি, একটি গবেষণায় দেখা গিয়েছে ,যাঁরা গভীর রাত পর্যন্ত জেগে থাকেন তাদের টাইপ ২ ডায়াবেটিসের ঝুঁকি বাড়ে। গবেষকদের মতে, যারা গভীর রাত পর্যন্ত জেগে থাকেন তাঁদের অন্যান্য রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকিও অন্য মানুষের তুলনায় বেশি হয়। অ্যানালস অফ ইন্টারনাল মেডিসিন জার্নালে এই গবেষণাপত্রটি প্রকাশিত হয়েছে।হার্ভার্ড মেডিসিন স্কুলের গবেষকরা ৬০ হাজার নার্সের ওপর এই গবেষণা চালিয়েছেন। গবেষণায় দেখা গিয়েছে যে রাতে কাজ করা নার্সরা কাজেক কারণে রাতে ঘুমোননা। এবং শুধু তাই-ই নয়, অস্বাস্থ্যকর খাবার খান। আর যার প্রভাব পড়ছে তাঁদের শরীরের উপর। গবেষকরা বলছেন, গবেষণায় দেখা গেছে, যাঁরা রাতে জেগে কাজ করেন তাদের টাইপ ২ ডায়াবেটিসের ঝুঁকি দিনের বেলা কাজ করা মানুষের তুলনায় ১৯ শতাংশ বেশি।গবেষণায় বলা হয়েছে, যাঁরা গভীর রাত পর্যন্ত জেগে থাকেন এবং দিনে ঘুমান, তাঁদের ঘুমের চক্রে ব্যাঘাত ঘটে। এর ফলে শরীরের বিপাকীয় প্রক্রিয়ার অবনতি ঘটে। এর ফলে শরীরে চর্বি জমতে থাকে এবং টাইপ ২ ডায়াবেটিসের মতো মারাত্মক রোগ হয়। গবেষণায় আরও দেখা গিয়েছে, যাঁরা অনেক রাত জাগেন, প্রায় ভোরের দিকে ঘুমোন, তাঁদের ফ্যাট মেটাবলিজমের মধ্যে বড় পার্থক্য রয়েছে। দুই ধরনের ডায়াবেটিস আছে — টাইপ ১ এবং টাইপ ২ ডায়াবেটিস। টাইপ ১ ডায়াবেটিস বেশিরভাগ লোকের জিনগত কারণে ঘটে এবং টাইপ ২ ডায়াবেটিস খাদ্যাভ্যাস এবং জীবনযাত্রার কারণে ঘটে। টাইপ ২ ডায়াবেটিসে, অগ্ন্যাশয় প্রয়োজন অনুযায়ী ইনসুলিন তৈরি করতে সক্ষম হয় না। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, স্বাস্থ্যকর জীবনযাপনের মাধ্যমে টাইপ ২ ডায়াবেটিস নিয়ন্ত্রণে আনা যায়।

## দীর্ঘদিন ধরে গ্যাস সমস্যায় ভুগছেন?

খাবার খাওয়ার পর চোঁয়া ঢেকুর, গলা-বুক জ্বালার মতো শারীরিক অস্বস্তি হতে থাকে? এগুলো গ্যাস-অম্বলের লক্ষণ। অনেকেই বাড়ির খাবার খেয়েও বদহজমের সমস্যায় ভোগেন। তাছাড়া বাইরের অস্বাস্থ্যকর খাবার নিয়মিত খেলে গ্যাস-অম্বলের সমস্যা হতেই থাকে। কিন্তু গ্যাস-অম্বল হলেই অ্যান্টাসিড খেয়ে নেওয়া, মোটেই ভাল অভ্যাস নয়। তাই চিকিৎসকেরা বলেন, লাইফস্টাইলে বদল এনে বদহজমের সমস্যাকে দূর করতে। তবে, সাম্প্রতিকতম গবেষণা বলছে, হলুদ খেলে আপনার বদহজমের সমস্যা দূর হতে পারে।পেটের সমস্যা দীর্ঘদিন ধরে হলে, সেটা মোটেই ভাল নয়। বাজারে গ্যাস-অম্বল নিরাময়ের ওষুধের সংখ্যাও কম নয়। কিন্তু সবসময় অ্যান্টাসিডের উপর ভরসা করে থাকাও স্বাস্থ্যের জন্য উপযুক্ত নয়। যে কারণে বদহজম থেকে মুক্তি পেতে অনেকেই ঘরোয়া প্রতিকারের সন্ধানে থাকেন। সেখানে ব্রিটিশ মেডিকেল জার্নালে প্রকাশিত গবেষণা বলছে, হলুদ বদহজম থেকে মুক্তি দিতে সক্ষম। হলুদের মধ্যে কারকিউমিন নামের একটি সক্রিয় যৌগ রয়েছে। এই প্রাকৃতিক উপাদান প্রদাহ কমাতে সাহায্য করে। তাছাড়া এর মধ্যে অ্যান্টিমাইক্রোবিয়াল উপাদান রয়েছে। ১৮ থেকে ৭০ বছর বয়সি ২০৬ জন রোগীর মধ্যে এই গবেষণা করা রয়েছে। ২০৬ জনের প্রত্যেকেই দীর্ঘদিন ধরে নানা কারণে পেট খারাপে ভুগছিলেন। একে ফাংশনাল ডিপেপসিয়া বলা হয়। এই রোগীদের থাইল্যান্ডের হাসপাতাল থেকে নিয়োগ করা হয় এবং বিভিন্ন উপায়ে তাদের চিকিৎসা করা হয়। এই ২০৬ জন রোগীর প্রত্যেককেই ২৮ দিনের ট্রায়ালের মধ্য দিয়ে যেতে হয়। এই গবেষণাতেই দেখা গিয়েছে, পেটের রোগ কমাতে হলুদ দারুণ কার্যকর।

ওষুধের তুলনায় হলুদ কতটা বেশি কার্যকর, সেটা যাচাই করার জন্যই এই গবেষণা করা হয়েছিল। গবেষণায় অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করা হয়েছিল। প্রথম দলের ৬৯ জনকে ছোট ড্যামি ক্যাপসুল সহ দিনে চারবার ২৫০ গ্রাম কারকিউমিন দেওয়া হয়েছিল। দ্বিতীয় গ্রুপের ৬৮ রোগীকে প্রতিদিন ওমেপ্রাজল অর্থাৎ একটি ছোট ২০ মিলিগ্রাম ক্যাপসুল এবং দিনে চারবার দুটি বড় ডামি ক্যাপসুল দেওয়া হয়েছিল। তৃতীয় দলের ৬৯ রোগীকে হলুদ এবং ওমিপ্রাজলের সংমিশ্রণ দেওয়া হয়। এই গবেষণায় দেখা যায়, ২৮ দিনের মাথায় রোগীদের মধ্যে লক্ষণগুলো উল্লেখযোগ্য ভাবে কমেছে। বিশেষ করে ব্যথা ও শারীরিক অস্বস্তি। যাঁরা ওমিপ্রাজলের সঙ্গে হলুদ গ্রহণ করেছিলেন, ৫৬তম দিনে তাঁদের মধ্যে লক্ষণগুলো জোরাল হয়েছে। আবার অনেক সময় হজম সংক্রান্ত সমস্যা দূর করতে হলুদ দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে। তাই হলুদ কার্যকর হলেও কতটা উপকারী তা নিয়ে প্রশ্ন রয়ে গিয়েছে। তবে, এ বিষয়ে আরও গবেষণায় প্রয়োজন রয়েছে।

# কেন্দ্রীয় মন্ত্রিসভা গগনযানের পরবর্তী অভিযান এবং ভারতীয় অন্তরীক্ষ স্টেশন নির্মাণের অনুমোদন দিয়েছে

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্য আজ কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে গগনযান কর্মসূচির পরিধি বাড়িয়ে ভারতীয় অন্তরীক্ষ স্টেশনের প্রথম ইউনিট গড়ে তোলার প্রস্তাব অনুমোদিত হয়েছে। ভারতীয় অন্তর্রীক্ষ স্টেশনের (বিএএস -১) প্রথম মডিউল প্রস্তুত করার জন্য মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে এবং বিএএস নির্মাণ ও পরিচালনার জন্য বিভিন্ন প্রযুক্তি প্রদর্শন ও বৈধতার জন্য মিশন গ্রহণের অনুমোদন দিয়েছে। এর জন্য আর্থিক সংস্থানের অনুমোদন দেওয়া হয়েছে।

বিএএস-এর জন্য উন্নয়ন এবং পূর্ববর্তী মিশনের সুযোগ অন্তর্ভুক্ত করার জন্য গগনযান কর্মসূচিতে সংশোধন এবং চলমান গগনযান কর্মসূচির বিকাশের জন্য একটি অতিরিক্ত চালকবিহীন মিশন এবং অতিরিক্ত হার্ডওয়্যার প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত করা। এখন মহাকাশচারী পাঠানোর জন্য উপযুক্ত প্রকৌশল ও প্রযুক্তির প্রস্তুতি নিয়ে ''হিউম্যান স্পেসফ্লাইট প্রোগ্রাম টেকনোলজি ডেভেলপমেন্ট অ্যান্ড ডেমোনেস্ট্রেশনে''র অতর্ভুক্ত আটটি মিশন ২০২৮ সালের ডিসেম্বরের মধ্যে বিএএস-১ এর প্রথম ইউনিট উৎক্ষেপণের মাধ্যমে সম্পন্ন করা হবে।

২০১৮ সালের ডিসেম্বরে গগনযান কর্মসূচিতে লো আর্থ অরবিটে (এলইও) মানব মহাকাশযানের যাত্রা শুরু করা এবং দীর্ঘমেয়াদী ভারতীয় মানব মহাকাশ অনুসন্ধান কর্মসূচির জন্য প্রয়োজনীয় প্রযুক্তির ভিত্তি স্থাপনের পরিকল্পনা করা হয়েছে। অমৃতকালে মহাকাশ গবেষনার জন্য ২০৩৫ সালের মধ্যে মহাকাশে একটি অপারেশনাল ভারতীয় অন্তর্বর্তী স্টেশন এবং ২০৪০ সালের মধ্যে ভারতীয় ক্রিউড চন্দ্র মিশন তৈরির পরিকল্পনা করা হয়েছে। মহাকাশে ভ্রমণকারী অন্যান্য দেশগুলিও দীর্ঘমেয়াদী মানব মহাকাশ মিশন এবং চাঁদ এবং তার বাইরেও আরও অনুসন্ধানের জন্য প্রয়োজনীয় সক্ষমতা অর্জন করতে তার বিকাশ ও পরিচালনার জন্য যথেষ্ট প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে ও বিনিয়োগ করছে। গগনযান কর্মসূচী ইসরোর নেতৃত্বে শিল্প,শিক্ষা সংক্রান্ত এবং অন্যান্য জাতীয় এজেন্সিগুলির জন্য কাজ করার একটি জাতীয় প্রচেষ্টা হবে। অন্যান্য জাতীয় সংস্থাগুলোও এর অংশীদার হতে পারবে। ইসরোর প্রতিষ্ঠিত প্রকল্প পরিচালন ব্যবস্থার মাধ্যমে এই কর্মসূচিটি বাস্তবায়িত হবে।

লক্ষ্য হ''ল দীর্ঘমেয়াদী মানব মহাকাশ মিশনের জন্য জটিল প্রযুক্তিগুলি বিকাশ এবং প্রদর্শন করা। ইসরো ২০২৬ সালের মধ্যে চলমান গগনযান কর্মসূচির অধীনে চারটি মিশন গ্রহণ করবে এবং ২০২৮ সালের ডিসেম্বরের মধ্যে বিএএস-এর জন্য বিভিন্ন প্রযুক্তির প্রদর্শন ও বৈধতার জন্য চারটি মিশন এবং চারটি মিশন তৈরি করবে।

দেশটি লো আর্থ অরবিটে মানব মহাকাশ মিশনের জন্য প্রয়োজনীয় প্রযুক্তিগত ক্ষমতা অর্জন করবে। ভারতীয় অন্তরীক্ষ কেন্দ্রের মতো জাতীয় মহাকাশ-ভিত্তিক কেন্দ্রগুলি মাইক্রোগ্র্যাভিটি ভিত্তিক বৈজ্ঞানিক গবেষণা ও প্রযুক্তি বিকাশের কাজকর্মকে উৎসাহিত করবে। এটি প্রযুক্তিগত স্পিন-অফগুলির দিকে পরিচালিত করবে এবং গবেষণা ও বিকাশের মূল ক্ষেত্রগুলিতে উদ্ভাবনকে উতাহিত করবে।

মনুষ্য মহাকাশযান কর্মসূচিতে শিল্প সংস্থাগুলোর অংশগ্রহণ হবে বলে আশা করা হচ্ছে এবং অর্থনৈতিক কার্যকলাপের ফলে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে, বিশেষত মহাকাশ এবং সংশ্লিষ্ট উচ্চ প্রযুক্তির ক্ষেত্রগুলিতে।

ইতিমধ্যে অনুমোদিত এই কর্মসূচীতে ১১১৭০ কোটি টাকার বরাদ্দ ছিল এখন অতিরিক্ত তহবিল সহ, সংশোধিত হারে গগনযান কর্মসূচীর মোট অনুমোদন বেড়ে দাঁড়িয়েছে ২০১৯৩ কোটি টাকা।

এই কর্মসূচি বিশেষ করে দেশের যুবকদের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে পেশা গ্রহণের পাশাপাশি মাইক্রোগ্র্যাভিটি ভিত্তিক বৈজ্ঞানিক গবেষণা ও প্রযুক্তি উন্নয়ন কর্মকাণ্ডে সুযোগগুলির অনুসন্ধানের এক অনন্য সুযোগ নিয়ে আসবে।

যার ফলে বৈজ্ঞানিক উদ্ভাবন এবং প্রযুক্তিগত পরিবর্তন সমাজকে উপকৃত করবে।

# চাঁদ এবং মঙ্গলের পর, ভারত শুক্র গ্রহে বৈজ্ঞানিক অন্বেষণ করবে

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্য কেন্দ্রীয় মন্ত্রিসভা ভেনাস অরবিটার মিশন এর উন্নয়নের অনুমোদন দিয়েছে, যা চাঁদ এবং মঙ্গল গ্রহের বাইরে শুক্র গ্রহের ভেতর অন্বেষণ এবং অধ্যয়নের লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে। শুক্র, পৃথিবীর নিকটতম গ্রহ এবং পৃথিবীর অনুরূপ পরিস্থিতিতে গঠিত হয়েছে বলে বিশ্বাস করা হয়। গ্রহের অন্তরগত পরিবেশ কীভাবে খুব আলাদাভাবে বিকশিত হতে পারে তা বোঝার একটি অনন্য সুযোগ এনে দেবে ভেনাস অরবিটার মিশন।

মহাকাশ বিভাগ 'ভেনাস অরবিটার মিশন' শুক্র গ্রহের কক্ষপথে একটি বৈজ্ঞানিক মহাকাশযানকে প্রদক্ষিণ করার পরিকল্পনা নিয়েছে যার মাধ্যমে শুক্রের পৃষ্ঠভূমি এবং পৃষ্ঠতল, বায়ুমণ্ডলীয় প্রক্রিয়া এবং শুক্রের বায়ুমণ্ডলে সূর্যের প্রভাব সম্পর্কে আরও ভালভাবে বোঝা যাবে। শুক্র গ্রহের রূপান্তরের অন্তর্নিহিত কারণগুলির অধ্যয়ন, যা একসময় বাসযোগ্য এবং পৃথিবীর সাথে বেশ সাদৃশ্যপূর্ণ বলে মনে করা হয়উ শুক্র এবং পৃথিবী দুটি গ্রহের বিবর্তন বোঝার জন্য ভেনাস অরবিটার মিশন গুরুত্ব সহকারে কাজ করবে।

মহাকাশযান তৈরি এবং এর উৎক্ষেপণের জন্য ইসরো কে দায়িত্ব দেওয়া হবে। ইসরোতে অনুশীলনের মাধ্যমে ভেনাস অরবিটার মিশন প্রকল্পটি কার্যকরভাবে পরিচালিত এবং নিরীক্ষণ করা হবে। মিশন থেকে উদ্গত তথ্য বর্তমানে চালু ব্যবস্থার মাধ্যমে দেশের বৈজ্ঞানিকদের কাছে এই মিশনের বার্তা দেওয়া হবে উ আশা করা হচ্ছে ২০২৮ সালের মার্চ মাসের মধ্যে মিশনটি সম্পন্ন করা হবেউ ভারতীয় ভেনাস মিশনটি বিভিন্ন বৈজ্ঞানিক ফলাফলের ক্ষেত্রে কিছু অজানা তথ্য বৈজ্ঞানিকরা জানতে পারবেন বলে আশা করা হচ্ছে। মহাকাশযান এবং উৎক্ষেপণ বিষয়ে এটি অর্থনীতির অন্যান্য খাতে প্রচুর কর্মসংস্থানের সম্ভাবনা তৈরী করবে বলে আশা করা হচ্ছেউ

ভেনাস অরবিটার মিশনের জন্য অনুমোদিত মোট বরাদ্দ হল ১২৩৬ কোটি টাকা যার মধ্যে ৮২৪ কোটি টাকা মহাকাশযানের জন্য ব্যয় হবে। খরচের মধ্যে রয়েছে মহাকাশযানের বিকাশ এবং উপলব্ধি যার মধ্যে রয়েছে এর নির্দিষ্ট পে-লোড এবং প্রযুক্তি উপাদান, ন্যাভিগেশন এবং নেটওয়ার্কের জন্য গ্লোবাল গ্রাউন্ড স্টেশন তৈরির খরচ এবং সেই সাথে রয়েছে উৎক্ষেপণের জন্য খরচ।

শুক্র গ্রহের দিকে অভিযান

মিশনটি ভারতকে মহাকাশ অভিযানের ক্ষেত্রে বিশেষত, বৃহত্তর পে-লোড, সর্বোত্তম কক্ষপথ সন্নিবেশ পদ্ধতি সহ ভবিষ্যতের গ্রহ মিশনের জন্য আরো পারদর্শী করে তুলবে। মহাকাশযান এবং উৎক্ষেপণ যানের বিকাশের সময় ভারতীয় শিল্পের উল্লেখযোগ্য সম্পৃক্ততা থাকবে। ডিজাইন, ডেভেলপমেন্ট, টেস্টিং, টেস্ট ডেটা রিডাকশন, ক্যালিব্রেশন ইত্যাদি অন্তর্ভুক্ত লঞ্চের প্রাক লগ্নে বিভিন্ন একাডেমিক প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের প্রশিক্ষণের বিষয় জুক্ত করা হয়েছে। মিশনটি তার অনন্য যন্ত্রের মাধ্যমে ভারতীয় বিজ্ঞান গোষ্ঠিকে নতুন এবং মূল্যবান বিজ্ঞান তথ্য সরবরাহ করার পাশাপাশি শুক্রগ্রহকে আরো কাছ থেকে জানার অভিনব সুযোগ এনে দেবে।

## দিল্লির কারোল বাগে ভেঙে পড়ল বাড়ি, কয়েকজন ভগ্নস্তূপের নীচে আটকে থাকার শঙ্কা !

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): বাড়ি ভেঙে ফের বিপর্যয় রাজধানী দিল্লিতে। বুধবার সকালে দিল্লির কারোল বাগ এলাকায় ভেঙে পড়ল একটি বাড়ি, ভেঙে পড়া ওই বাড়ির ভগ্নস্তূপের নীচে কয়েকজন আটকে থাকার শঙ্কা! ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ ও দমকল।দমকলের পক্ষ থেকে জানানো হয়েছে, বুধবার কারোল বাগ এলাকায় একটি বাড়ির একাংশ ভেঙে পড়ে। ঘটনাস্থলে পৌঁছেছে দমকলের ৫টি ইঞ্জিন। শেষ পাওয়া খবর অনুযায়ী, এখনও উদ্ধারকাজ চলছে।

## ভোট উৎসবে সামিল ভূস্বর্গ, গণতন্ত্রকে শক্তিশালী করার আহ্বান প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): প্রায় এক দশক পর বুধবার গণতন্ত্রের বৃহত্তম উৎসবে সামিল হয়েছে ভূস্বর্গে, ভোট উৎসবে সামিল জম্মু ও কাশ্মীরের জনগণকে গণতন্ত্র শক্তিশালী করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।বুধবার প্রথম দফায় ভোটগ্রহণ পর্বে সকলকে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক্স বার্তায় তিনি লেখেন, "জম্মু ও কাশ্মীরের বিধাসভা নির্বাচনের প্রথম দফায় নির্বাচনী এলাকার সকলকে বিপুল সংখ্যক ভোট দিতে এবং গণতন্ত্রকে শক্তিশালী করার আহ্বান জানাচ্ছি।"

## রূপনারায়ণ নদের বাঁধ রক্ষায় রাত জাগলেন গ্রামবাসীরা, আতঙ্কে ঘুম উড়েছে

মহিষাদল, ১৮ সেপ্টেম্বর (হি.স.): মহিষাদলের অমৃতবেড়িয়ায় রূপনারায়ণ নদের বাঁধ রক্ষা করতে রাত জাগলেন গ্রামবাসীরা। মঙ্গলবার রাত সাড়ে ১০ নাগাদ পূর্ণিমা কোটালে জোয়ারের জল বাড়তেই বাঁধ ভাঙার আশঙ্কায় ঘুম উড়ে যায় বাসিন্দাদের। অমৃতবেড়িয়ার ওই জামাইপাড়া এলাকায় কয়েকদিন আগে ভয়াবহ ভাঙন হয়। বাঁধ মেরামতের পরও দু''বার ধসে যায়। মঙ্গলবার দুপুর নাগাদ ফের বাঁধে ধসে গিয়ে ভাঙন দেখা দেয়। জেলাশাসক পূর্ণেন্দু মাজি নিজে ঘটনাস্থলে পৌঁছে দ্রুত বাঁধ মেরামত শুরু করতে বলেন সেচের ইঞ্জিনিয়ারদের। রাতে বাঁধের অবস্থা খতিয়ে দেখতে যান মহকুমাশাসক সুপ্রভাত চট্টোপাধ্যায়ও। পাশাপাশি নদী বাঁধের পাশে বসবাসকারী পরিবারগুলিকে সরিয়ে নিয়ে যাওয়া হয়।

## উত্তর-পূর্বাঞ্চলে বৃষ্টির সতর্কতা আইএমডি-র, আন্দামানেও বর্ষণের পূর্বাভাস

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): দেশের উত্তর-পূর্বাঞ্চলে হালকা থেকে মাঝারি বৃষ্টির সতর্কতা জারি করলো ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। বৃষ্টির পূর্বাভাস রয়েছে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জেও। আইএমডি জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় উত্তরাখণ্ড, হরিয়ানা, চন্ডীগড়, পশ্চিম উত্তর প্রদেশ, পূর্ব রাজস্থান, পশ্চিম মধ্যপ্রদেশ, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা ও আন্দামানে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।এরপর ১৯ সেপ্টেম্বর অসম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বৃষ্টি প্রত্যাশিত। পরবর্তী দিন ২০ তারিখ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

## হরিয়ানায় আবারও বিজেপি সরকার গঠন করবে, আশাবাদী মনোহর লাল খাট্টার

ঝাজ্জর, ১৮ সেপ্টেম্বর (হি.স.): হরিয়ানায় আবারও সরকার গঠন করবে বিজেপি। আত্মবিশ্বাসের সঙ্গে বললেন হরিয়ানার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল খাট্টার। সোমবার হরিয়ানার ঝাজ্জরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, 'হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনির নেতৃত্বে বিজেপি হরিয়ানায় সরকার গঠন করবে। কংগ্রেস পরাজয়ের দিকে এগোচ্ছে, কারণ কোনও দলই তাঁদের সঙ্গে জোট করার জন্য হাত বাড়ায়নি। কংগ্রেসের নেতারা সংরক্ষণ, শিখদের নিয়ে অযৌক্তিক বক্তব্য রাখছেন।'দিল্লির মুখ্যমন্ত্রী পদ থেকে অরবিন্দ কেজরিওয়ালের ইস্তফা দেওয়ার প্রসঙ্গেও মুখ খুলেছেন খাট্টার। তিনি বলেছেন, 'কেজরিওয়াল দুর্নীতির অভিযোগ থেকে মুক্ত হতে চান, কিন্তু জনগণ তাঁকে স্বচ্ছ হতে দেবে না। আসন্ন বিধানসভা নির্বাচনে জনগণ অরবিন্দ কেজরিওয়ালকে ভোট দেবে না।'

## দিল্লির কারোল বাগে ভেঙে পড়ল বাড়ি, উদ্ধারের পর ৮ জন হাসপাতালে ভর্তি

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): বাড়ি ভেঙে ফের বিপর্যয় রাজধানী দিল্লিতে। বুধবার সকালে দিল্লির কারোল বাগ এলাকায় ভেঙে পড়ল একটি বাড়ি, ভেঙে পড়া ওই বাড়ির ভগ্নস্তূপের নীচে কয়েকজন আটকে থাকার শঙ্কা রয়েছে! ইতিমধ্যেই ৮ জনকে উদ্ধারের পর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থলে রয়েছে পুলিশ ও দমকল, স্থানীয় বাসিন্দারাও উদ্ধারকাজে হাত লাগিয়েছেন।দমকলের পক্ষ থেকে জানানো হয়েছে, বুধবার সকালে কারোল বাগ এলাকায় একটি বাড়ির একাংশ ভেঙে পড়ে। ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ৫টি ইঞ্জিন। শেষ পাওয়া খবর অনুযায়ী, এখনও উদ্ধারকাজ চলছে। ডিসিপি সেন্ট্রাল এম হর্ষ বর্ধন বলেছেন, বুধবার সকাল ৯টা নাগাদ খবর পাওয়া যায়, প্রসাদ নগর থানার অধীনে বাপা নগর এলাকায় একটি বাড়ি ভেঙে পড়েছে। একটি পুরানো বহুতলের প্রায় ২৫ স্কোয়ার ইয়ার্ড ভেঙে পড়ে। এখনও পর্যন্ত ৮ জনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। মৃত্যুর কোনও খবর নেই। কয়েকজন এখনও আটকে থাকার সম্ভাবনা রয়েছে। অভিযান শেষ হলেই আইনি ব্যবস্থা নেওয়া হবে।

## কলকাতার নতুন সিপি-কে নিয়ে ডাক্তারদের সাবধান করলেন অর্জুন

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : "ব্যারাকপুরকে অপরাধীদের গড় করেছেন এই মনোজ বর্মা।' এই মন্তব্য করে আন্দোলনরত চিকিৎসকদের সাবধান করলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিংহ। অর্জুনবাবুর বার্তা, "মনোজ বর্মা যে 'রোড রোলার' চালাবে, ইউ ক্যান্ট ইমাজিন'। আমি জানি, তাই বলছি।"

বিনীত গোয়েলের চেয়ে 'ভয়ঙ্কর' মনোজ বর্মা। কলকাতার নতুন পুলিশ কমিশনারকে নিয়ে এমনই মন্তব্য করে অর্জুনবাবু সাংবাদিকদের বলেন, "এই মনোজ বর্মা চার বছর এখানে ছিলেন। তখন থেকে সমস্ত অপরাধীকে জনপ্রতিনিধি বানিয়েছেন। তাদের কেউ কাউন্সিলর হয়েছেন। কেউ এখন বিধায়ক। এরা সবই মনোজ বর্মার প্রোডাক্ট।"

অর্জুনবাবুর কথায়, "এই মনোজ বর্মা অদ্ভুত চরিত্র। সিপিএম জমানায় তৃণমূলকে খুন করাতেন জঙ্গলমহলে। তিনিই ২০১৯ সালে ব্যারাকপুরে এসে দুটো নিরীহ মানুষকে গুলি করিয়ে দিলেন। সমস্ত বিজেপির পার্টি অফিস দখল করা থেকে ভয় দেখিয়ে তৃণমূলে যোগদান করানো সবই করেছেন মনোজ বর্মা। অনেকে বলছেন, ব্যারাকপুর এলাকাকে শান্ত রেখেছিলেন উনি। কিন্তু ব্যারাকপুরকে অপরাধীদের গড় করেছেন এই মনোজ বর্মা।"

## পার্ক সার্কাসে কর্তব্যরত সার্জেন্টকে বেধড়ক মারধরের অভিযোগ

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : বিশ্বকর্মা পুজোর রাতে কর্তব্যরত সার্জেন্টকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল পার্ক সার্কাস এলাকায়। দুষ্কৃতীদের খোঁজে তল্লাশি শুরু করেছে তপসিয়া থানার পুলিশ কর্মীরা। সূত্রের খবর, প্রতি রাতের মতোই নাকা চেকিং করছিলেন পার্ক সার্কাস ট্রাফিক গার্ডের কর্তব্যরত পুলিশকর্মীরা। ট্যাংরা এলাকার চায়না টাউন এবং খ্রিস্টফার রোডে ঢুকতেই বিপত্তি। অভিযোগ, নাকা চেকিং চালানোর সময় হঠাৎই ২০-৩০ জনের একটি দুষ্কৃতীদল তাঁদের উপর চড়াও হয়। অভিযোগ, কর্তব্যরত অফিসারদের কিল-চড়-ঘুষি মারতে থাকে। লাঠি, বাঁশ দিয়েও মারধর করা হয়। মারের চোটে আহত হন সার্জেন্ট কৌতুক ঘোষ, এক সিভিক ভলান্টিয়ার এবং এক কনস্টেবল। পুলিশের বাইক, পিসিআর ভ্যানেও ভাঙচুর চলে।গুরুতর আহত অবস্থায় ট্রাফিক সার্জেন্টকে চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। তাঁর ঘাড়ে, পায়ে এবং মাথায় চোট লেগেছে। আহত হয়েছেন কনস্টেবল এবং সিভিক ভলান্টিয়ারও। কিন্তু কেন আচমকা এই হামলা, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। দুষ্কৃতীদের খোঁজে নেমেছে তপসিয়া থানার পুলিশ। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে চলছে দুষ্কৃতীদের চিহ্নিত করার কাজ।

## বুধবার বিশ্বব্যাপী সেরা ফুটবলার রোনালদোর জন্মদিন

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.): ব্রাজিলের ফুটবল তারকা রোনালদো। পুরো নাম রোনালদো লুইস নাজারিও ডি লিমা। তিনি বিশ্ব ফুটবলে একজন খ্যাতনামা স্ট্রাইকার। যিনি ১৯৯০ থেকে ২০০০ দশকের প্রথমার্ধ পর্যন্ত বিশ্বের অন্যতম দক্ষ গোলদাতা হিসেবে বিবেচিত হন। মাত্র ২১ বছর বয়সে ১৯৯৭ সালে ফিফা ব্যালন ডি''র এবং ২৬ বছর বয়সে ২০০২ সালে আবার এই খেতাব অর্জন করেছিলেন। ফিফার বর্ষসেরা খেলোয়াড় হিসেবে তিনবার মনোনিত হন রোনালদো। ফিফার বর্ষসেরা অপর একজন খেলোয়াড় ছিলেন ফরাসী ফুটবলার জিনেদিন জিদান। ২০০৭ সালে রোনালদো ফরাসি ফুটবলে সর্বকালের সেরা একাদশে স্থান পান এবং পেলের উত্তরসূরী হিসেবে ফিফার ১০০জন সেরা খেলোয়াড়ের মধ্যে স্থান পান। ২০১০ সালে তিনি গোল ডট কম-এর ৪৩.৬তু ভোট পেয়ে ''প্লেয়ার অফ দ্য ডিকেড'' সহ সেন্টার ফরোয়ার্ডের 'টিম অফ দ্য ডিকেড' সম্মাননা পান। ২০১১ সালে তিনি ফুটবল জগৎ থেকে অবসর নিয়েছিনেল। তিনি বিশ্বব্যাপী ফুটবল বোদ্ধা ও সমর্থকদের কাছে সর্বকালের সেরা খেলোয়াড় হিসেবে চিহ্নিত। রোনালদো ব্রাজিলের পক্ষে ৯৭টি আন্তর্জাতিক খেলায় অংশ নিয়ে ৬২ টি গোল করেন। তিনি ১৯৯৪ ও ২০০২ দুটো বিশ্বকাপ ফুটবলে অংশ নিয়েছিলেন। ২০০৬ সালের ফিফা বিশ্বকাপ ফুটবলে রোনালদো ১৫ গোল করে বিশ্বকাপ ফুটবলের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতা হন। বুধবার সর্বকালের সেরা রোনালদোর জন্মদিন।

## রাজগড়ে সাংবাদিককে গুলি করে হত্যা

রাজগড়, ১৮ সেপ্টেম্বর (হি.স.): মধ্যপ্রদেশের রাজগড়ের সারঙ্গপুর থানার সিভিল হাসপাতাল রোডে দুষ্কৃতীদের গুলিতে নিহত স্থানীয় এক সাংবাদিক। জানা গেছে, ওই সাংবাদিকের নাম সলমন আলী। বুধবার ময়নাতদন্তর পর পুলিশ ওই নিহত সাংবাদিকের দেহ তাঁর পরিবারের কাছে তুলে দেয়। মামলা দায়ের করে সন্দেহভাজনদের বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে।

পুলিশ জানায়, মঙ্গলবার রাতে হাসপাতাল রোডে মেডিকেলের সামনে সাংবাদিক সলমন তাঁর ৯ বছরের ছেলেকে নিয়ে স্কুটারে বসেছিলেন। এরপর হঠাৎই বাইকে চেপে এসে দুষ্কৃতীরা তাঁকে লক্ষ্য করে গুলি চালায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহত সাংবাদিককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। উল্লেখ্য, গত বছরের ফেব্রুয়ারিতেও সাংবাদিকের ওপর হামলা চালিয়েছিল দুষ্কৃতীরা।

## "ধর্ম যার যার, উৎসব সবার" তত্ব নস্যাৎ করলেন তথাগত

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : "ধর্ম যার যার, উৎসব সবার" গোছের গালগল্প এর পর বলার আগে এক বার ভাববেন। বুধবার এক্স হ্যান্ডলে এই মন্তব্য করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

রাজ্যের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরীর ছবি-সহ তিনি লিখেছেন, "এই সিদ্দিকুল্লা চৌধুরীকে একবার আমি ও পি শাহ নামক এক ভদ্রলোকের বাড়িতে একটি চা চক্রে জিজ্ঞাসা করেছিলাম, "আচ্ছা, আমি তো নামাজ পড়ি না, কিন্তু আপনার নামাজ পড়ার অধিকারকে আমি সম্মান করি। আপনি কি আমার মূর্তিপূজা করার অধিকারকে সম্মান করেন"? উত্তরে সিদ্দিকুল্লা মৃদু হেসেছিলেন, কোনো জবাব দেন নি। অর্থাৎ উনি সুযোগ পেলে আমার মূর্তিপূজায় বাধা দেবেন। নিরানব্বই শতাংশ কাঠমোল্লার মানসিকতাই তাই।"

## আবেগকে প্রচারে ব্যবহার করায় কটাক্ষ কুণালের

কলকাতা, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : আর জি কর-কাণ্ডের আবেগকে সিনেমার প্রচারে ব্যবহার করায় কটাক্ষ করলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ।

তিনি লিখেছেন, "যদিও ছবিটির বিষয়বস্তু অপহরণের। তবু, এই আর জি কর আবহে ট্র্যাজেডিকে কাজে লাগিয়ে সিনেমার প্রমোশনের কৌশল, একটু চোখে লাগছে। ''উৎসবে ফিরব না'' অথচ ''সিনেমার পোস্টারে ফিরব'', এটাও দ্বিচারিতা। শ্রীজিতের ছবি আমার প্রিয়। কিন্তু, যতই ছবির থিম হোক, সবাই বুঝবেন, কোন আবেগকে প্রচারে ব্যবহার করা হল।"

## কেন্দ্রীয় মন্ত্রিসভা ফসফেটিক এবং পটাসিক (পিএকে) সারের উপর রবি মরসুম, ২০২৪ এর জন্য পুষ্টি ভিত্তিক ভর্তুকির (এনবিএস) হার এর অনুমোদন দিয়েছে

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ফসফেটিক এবং পটাসিক সারের (পি এন্ড কে) উপর রবি মরশুম, ২০২৪ এ ১-১০-২০২৪ থেকে ৩১-০৩-২০২৫ পর্যন্ত পুষ্টি ভিত্তিক ভর্তুকির হার স্থির করার জন্য রাসায়নিক ও সার মন্ত্রকের প্রস্তাবের অনুমোদন দিয়েছে। এরজন্য সম্ভাব্য বাজেটের প্রয়োজন হবে প্রায় ২৪,৪৭৫.৫৩ কোটি টাকা।

এর মাধ্যমে ভর্তুকিযুক্ত সাশ্রয়ী মূল্যে এবং যুক্তিসঙ্গত মূল্যে কৃষকদের সারের প্রাপ্যতা নিশ্চিত করা হবে। সাম্প্রতিককালে আন্তর্জাতিক স্তরে সার ও উপকরণের মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে পি অ্যান্ড কে সারের উপর এই ভর্তুকি প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাশ্রয়ী মূল্যে কৃষকদের কাছে এই সার যাতে পৌছায় তা নিশ্চিত করার জন্য পি অ্যান্ড কে সারের উপর ভর্তুকি অনুমোদিত হারের ভিত্তিতে সরবরাহ করা হবে।

সরকার সার উৎপাদক/ আমদানিকারকদের মাধ্যমে কৃষকদের ভর্তুকি মূল্যে ২৮ গ্রেডের পি অ্যান্ড কে সার সরবরাহ করছে। পি অ্যান্ড কে সারের ভর্তুকি এনবিএস স্কিম এর মাধ্যমে ০১-০৪-২০১০ থেকে প্রদান করা হচ্ছে।

কৃষকবান্ধব দৃষ্টিভঙ্গি অনুসারে, সরকার কৃষকদের কাছে সুলভ মূল্যে পিএন্ডকে সারের প্রাপ্যতা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সার ও উপকরণের আন্তর্জাতিক মূল্য যেমন ইউরিয়া, ডিএপি, এমওপি এবং সালফারের সাম্প্রতিক প্রবণতার পরিপ্রেক্ষিতে, সরকার ফসফেটিক এবং পটাসিক (পি অ্যান্ড কে) সারের উপর ০১-১০-২৪ থেকে ৩১-০৩-২৫ পর্যন্ত কার্যকর রবি মরশুমের জন্য এনবিএস হার অনুমোদনের সিদ্ধান্ত নিয়েছে।

সার সংস্থাগুলিকে অনুমোদিত এবং বিজ্ঞাপিত হার অনুযায়ী ভর্তুকি সরবরাহ করা হবে যাতে কৃষকদের কাছে সাশ্রয়ী মূল্যে সার সরবরাহ করা যায়।

## জমির বিনিময়ে চাকরি মামলায় লালু-সহ অনেককেই সমন আদালতের, ৭ অক্টোবর হাজিরার নির্দেশ

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : জমির বিনিমিয়ে রেলে চাকরি মামলায় বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আরজেডি সুপ্রিমো লালুপ্রসাদ যাদবকে সমন পাঠালো দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। লালু ছাড়াও তেজস্বী যাদব, তেজপ্রতাপ যাদব, অখিলেশ্বর সিং, হাজারী প্রসাদ রাই, সঞ্জয় রাই, ধর্মেন্দ্র সিং, কিরণ দেবীকে সমন পাঠিয়েছে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। আগামী ৭ অক্টোবর তাঁদের হাজিরা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। উল্লেখ্য, এই মামলায় এই প্রথমবার তেজপ্রতাপ যাদবকে সমন পাঠিয়েছে আদালত।

রাউস অ্যাভিনিউ আদালত অখিলেশ্বর সিং এবং তাঁর স্ত্রী কিরণ দেবীকে সমন পাঠিয়েছে। বুধবার আদালত আরও বলেছে, তেজ প্রতাপ যাদবের জড়িত থাকার বিষয়টি উড়িয়ে দেওয়া যায় না। তিনি এ কে ইনফোসিস লিমিটেডের পরিচালকও ছিলেন। তাই তাঁকেও তলব করা হয়েছে। সবাইকে আগামী ৭ অক্টোবর আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) ৬ আগস্ট ১১ অভিযুক্তের বিরুদ্ধে সাপ্লিমেন্টারি চার্জশিট দাখিল করে। তাঁদের মধ্যে চারজন মারা গিয়েছেন।

## জম্মু ও কাশ্মীরে ভোটে ভালোই সাড়া, ৯টা পর্যন্ত সার্বিক ভোটের হার ১১.১১ শতাংশ

জম্মু ও শ্রীনগর, ১৮ সেপ্টেম্বর (হি.স.): জম্মু ও কাশ্মীরে বিধানসভা নির্বাচনে ভালোই সাড়া মিলেছে সাধারণ মানুষের। বুধবার সকাল সাতটা থেকে শুরু হয়েছে ভোটগ্রহণ, মাত্র দুই ঘণ্টায় সকাল ৯টা পর্যন্ত ভোট পড়েছে ১১.১১ শতাংশ। নির্বাচন কমিশন থেকে এমনই তথ্য পাওয়া গিয়েছে।বুধবার প্রথম দফার ২৪ আসনে ভোটগ্রহণ হচ্ছে। এক দশক পরে জম্মু ও কাশ্মীরে আবারও বিধানসভা ভোট হচ্ছে। তবে ২০১৪-র মতো পূর্ণ রাজ্য নয়, ৩৭০ ধারা বাতিলের ফলে বিশেষ মর্যাদা খোয়ানোর পাশাপাশি রাজ্যের তকমাও হারিয়েছে জম্মু ও কাশ্মীর। ফলে এই বিগত ১০ বছরে অনেক কিছু পাল্টে গিয়েছে উপত্যকার রাজনীতিতে।ডোডার জেলা নির্বাচন আধিকারিক হরবিন্দর সিং বলেছেন, 'ভোট কেন্দ্রগুলিতে ভোট শুরু হয়েছে। আমরা জনগণের থেকে প্রচুর উৎসাহ দেখতে পাচ্ছি। আমি আশা করছি, এবার আমরা রেকর্ড ভোটিং দেখতে পাব। খুব ভাল অবাধ ও সুষ্ঠুভাবে ভোটগ্রহণ চলছে।' নিজের ভোট দেওয়ার পর কিশতওয়ার আসনের বিজেপি প্রার্থী শগুন পারিহার বলেছেন, 'জম্মু ও কাশ্মীরে বিজেপি সরকার গঠন করবে। জম্মু ও কাশ্মীরের মানুষ শান্তি চায়... বিজেপি অবশ্যই জিতবে... সন্ত্রাসবাদ একটি বিশাল সমস্যা। বিজেপি সন্ত্রাসবাদকে অনেকাংশে কমিয়েছে, কিন্তু পিডিপি এবং ন্যাশনাল কনফারেন্স সর্বদাই সমাজকে ভেঙে ফেলার চেষ্টা করেছে... জম্মু ও কাশ্মীর শীঘ্রই সন্ত্রাসমুক্ত হবে।'

## আগামী সপ্তাহে প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে দেখা করবেন, জানালেন ডোনাল্ড ট্রাম্প

নয়াদিল্লি, ১৮ সেপ্টেম্বর (হি.স.): আগামী সপ্তাহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করবেন বলে জনালেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্প একটি নির্বাচনী প্রচারানুষ্ঠানে জানিয়েছেন, আগামী সপ্তাহে তিনি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করবেন।উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মাসের ২১ থেকে ২৩ তারিখ মার্কিন যুক্তরাষ্ট্র সফর করবেন। আগামী শনিবার ডেলওয়ারের উইলনমিংটনে চতুর্থ কোয়াড নেতৃবৃন্দের সম্মেলনে যোগ দেবেন। আমেরিকার অনুরোধে ভারত আগামী বছর কোয়াড শীর্ষ সম্মেলন আয়োজন করতে রাজি হয়েছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এবছর শীর্ষ সম্মেলনে গত এক বছরে কোয়াড কতখানি অগ্রগতি লাভ করেছে, তা পর্যালোচনা করা হবে।

## জম্মু ও কাশ্মীর শীঘ্রই সন্ত্রাসমুক্ত হবে : শগুন পারিহার

কিশতওয়ার, ১৮ সেপ্টেম্বর (হি.স.): জম্মু ও কাশ্মীর শীঘ্রই সন্ত্রাসমুক্ত হবে এবং বিধানসভা ভোটে বিজেপিই জিতবে। আত্মবিশ্বাসের সঙ্গে বললেন কিশতওয়ার বিধানসভা আসনের বিজেপি প্রার্থী শগুন পারিহার। একইসঙ্গে পিডিপি ও ন্যাশনাল কনফারেন্স-কে আক্রমণ করেছেন তিনি।বুধবার সকালে নিজের ভোট দেওয়ার পর কিশতওয়ার থেকে বিজেপি প্রার্থী শগুন পারিহার বলেছেন, 'জম্মু ও কাশ্মীরে বিজেপি সরকার গঠন করবে। জম্মু ও কাশ্মীরের মানুষ শান্তি চায়, বিজেপি অবশ্যই জিতবে।

## ১০০ দিন পূর্তি তৃতীয় মোদি সরকারের, দেশের সবক্ষেত্র এবং সর্বস্তরের উন্নতির জন্যই কাজ হয়েছে: বিজেপি

আগরতলা, ১৭ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আজ তৃতীয়বারের সরকারের ১০০ দিন পূর্ণ হয়েছে। তা দেশবাসীর কাছে গর্বের বিষয়। এই ১০০ দিনে দেশের সব ক্ষেত্র এবং সর্বস্তরের উন্নতির জন্যই কাজ হয়েছে। আজ সংবাদিক সম্মেলনে এমনটাই দাবি করেছেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য।

এদিন তিনি শ্রী ভট্টাচার্য্য বলেন, ১০০ দিনে ১৫ লক্ষ কোটি টাকার প্রকল্প নেওয়া হয়েছে। মূলত গরীব কল্যাণ, নিরাপত্তা, সড়ক, যোগাযোগ ব্যবস্থা, নারী কল্যাণ এবং কৃষক ক্ষেত্রের বিশেষ দিকে নজর দেওয়া হয়েছে। এই সরকারের আমলেই রেল সংযোগ, বিমান বন্দরের মান উন্নয়ন করা হয়েছে। ইতিমধ্যে মহারাষ্ট্রে ৭৬.২০০ কোটি টাকার ওধাবান মেগা পোর্ট কাজ শুরু হয়েছে। যা, বিশ্বের প্রথম ১০টি বন্দরের মধ্যে একটি হতে চলেছে। প্রধানমন্ত্রী গ্রামীণ সড়কের অধীনে ২৫০০০ গ্রামকে জোড়ার জন্য ৬২৫০০ কিলোমিটার রাস্তা ও সেতু তৈরির পদক্ষেপ নেওয়া হয়েছে। তার জন্য কেন্দ্র ৪৯০০০ কোটি টাকা অনুমোদন করেছে। এদিন তিনি আরো বলেন, কৃষকদের আয় দিগুণ করার লক্ষ্যে এই সরকার কাজ করেছে। পাশাপাশি, ভারতের সুরক্ষা মজবুত করা প্রধানমন্ত্রী প্রাথমিক লক্ষ্য হিসেবে কাজ করেছে। তাছাড়া, জম্মু ও কাশ্মীরে ৩৩০০ কোটি টাকার কৃষি প্রকল্প ও উন্নয়নমূলক কাজে অনুমোদন দিয়েছেন।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী 'মন কি বাত' অনুষ্ঠানের মাধ্যমে সমগ্র ভারতবাসীকে একসূত্রে গেঁথে রেখেছেন। প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টার ফলে দেশে জি-২০ সম্মেলনের সফল আয়োজন করা সম্ভব হয়েছে। রাজ্যেও জি-২০ সম্মেলনের একটি ইভেন্ট সফলভাবে আয়োজন করা হয়েছে।মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর আন্তরিক উদ্যোগের ফলেই রাজ্যের জনজাতি সম্প্রদায়ের জনগণকে সম্মাননা প্রদান করা হচ্ছে। বিগত কয়েক বছরে রাজ্যের বেশ কয়েকজন জনজাতি ব্যক্তিত্বকে পদ্মশ্রী প্রদান করা হয়েছে। রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মাকে তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল পদে নিযুক্ত করা হয়েছে। রাজ্য সরকারও জনজাতি অংশের জনগণের উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। জনজাতি এলাকায় শিক্ষা, যোগাযোগ সহ সার্বিক উন্নয়নের লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে ১,৪০০ কোটি টাকা ঋণ নেওয়া হয়েছে। জনজাতি এলাকার ছেলেমেয়েদের গুণগত শিক্ষা প্রদানের লক্ষ্যে রাজ্যে ২১টি একলব্য মডেল রেসিডন্সিয়াল বিদ্যালয় স্থাপনের মঞ্জুরি পাওয়া গেছে। ইতিমধ্যেই কয়েকটি একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয় চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, বিগত দিনে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে সন্ত্রাসবাদী কার্যকলাপ লক্ষ্য করা যেত। কিন্তু বর্তমানে প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টার ফলেই উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাজ্যকে হীরা মডেল উপহার দেওয়ার ফলেই বর্তমানে রাজ্যে সড়ক, রেল, বিমান যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি হয়েছে। প্রধানমন্ত্রীর আন্তরিক উদ্যোগের ফলেই দেশে ৩৪ বছর পর নতুন জাতীয় শিক্ষানীতি চালু করা সম্ভব হয়েছে। রাজ্যেও এই নতুন জাতীয় শিক্ষানীতি চালু করা হয়েছে। শুধু তাই নয়, প্রধানমন্ত্রীর আন্তরিক উদ্যোগের ফলেই ব্রু-শরণার্থী পুনর্বাসনের দীর্ঘদিনের সমস্যার সমাধান সম্ভব হয়েছে। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. বিশাল কুমার বলেন, গত ৩-৪ মাস আগে রাজ্যে কিছুটা রক্তের অভাব পরিলক্ষিত হয়েছিল। সে সময় মুখ্যমন্ত্রী বিভিন্ন সামাজিক সংগঠন, ক্লাব সহ জনগণকে স্বেচ্ছা রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানিয়েছিলেন। মুখ্যমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়েই সরকারি ও বেসরকারি বিভিন্ন সংগঠন স্বেচ্ছা রক্তদানে এগিয়ে এসেছেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## লান্ড পোর্ট ট্রেনিং সেন্টারে 'সচেতনতা এবং কর্মদক্ষতা' বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:লান্ড পোর্ট ট্রেনিং সেন্টার আগরতলায় বুধবার দেশব্যাপী কর্মসূচির অঙ্গ হিসেবে এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

ল্যান্ড পোর্ট ট্রেনিং সেন্টার আগরতলায় বুধবার 'সচেতনতা এবং কর্মদক্ষতা' বৃদ্ধি করা বিষয়ক দুদিন ব্যাপী সারা দেশের প্রতিটি ল্যান্ডপোর্ট অভ্যন্তরীণ অভিযোগ কমিটির সদস্যদের বার্ষিক প্রশিক্ষণ শুরু হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, শিল্প ও বাণিজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে ,অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শঙ্কর দে,সদস্য (অর্থ), এলপিএআই ড. রেখা রাইকর কুমার সহ অন্যান্যরা। দুদিন ব্যাপী এই সচেতনতামূলক কর্মসূচিতে কর্মদক্ষতা বিষয়ক বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোকপাত করা হয়।

## কুশপুত্তলিকা দাহ করে প্রতিবাদ কংগ্রেসের

নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১৮ সেপ্টেম্বর:প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদিসহ বিজেপি নেতৃত্বদের কুশপুত্তলিকা দাহ করল বিশালগড় জেলা যুব কংগ্রেস নেতৃত্বরা। বুধবার দুপুর নাগাদ আচমকা মধুপুর বাজারে হাজির হয়ে বিশালগড় জেলা কংগ্রেস নেতৃত্বরা রাহুল গান্ধীর উপর বিভিন্ন কুরুচিমূলক মন্তব্য এবং তাকে প্রাণে মারার হুমকি ইত্যাদির বিরুদ্ধে সোচ্চার হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিধায়ক সঞ্জয় গাইকোয়াড এবং বিজেপি নেতা তারবিন্দার সিং তাদের কুশপুত্তলিকা পুড়িয়ে আন্দোলন করেন নেতৃত্বরা মধুপুর বাজারে।

কংগ্রেস নেতৃত্বরা বলেন, কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে যেভাবে অপমান করেছে কিংবা হুমকি দিয়েছে তার বিরুদ্ধে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কিংবা প্রধানমন্ত্রী মুখ খুলতে রাজি নন। এমনকি তাদেরকে ছাড় দিয়ে যাচ্ছে। তাই তাদের সেই মনোভাবকে ধিক্কার জানিয়ে আন্দোলন করেন নেতৃত্বরা।

নেতৃত্বরা আরো বলেন, মোদির আমলে যে বেকারত্বের হার বেড়েছে গত ৪৫ বছরেও এরূপ ঘটনা ঘটেনি ভারতবর্ষের মধ্যে। পাশাপাশি দ্রব্যমূলক বৃদ্ধি এবং অন্যান্য ক্ষেত্রেও সর্বদাই মোদি সরকার ব্যর্থ। ঐদিন সেই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিশালগড় জেলা যুব কংগ্রেস সভাপতি সমরজিত ভট্টাচার্য্যী, রাজ্য যুব কংগ্রেস কার্যকরী সভাপতি রাহুল সমাদ্দার এবং কমলাসাগর যুব কংগ্রেস সভাপতি নান্টু সরকার সহ অন্যান্যরা।

## বামুটিয়া ব্লকের বৃক্ষরোপণ ও গৃহপ্রবেশ অনুষ্ঠান অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:সারাদেশের সঙ্গে বামুটিয়া ব্লকে পশ্চিম জেলা পরিষদের উদ্যোগে এক প্যার মা কা নাম এবং গৃহে প্রবেশ কর্মসূচি পালিত হয়েছে।

মঙ্গল প্রদীপ জ্বালিয়ে শুভ উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, উপস্থিত ছিলেন গ্রামোন্নয়ন দপ্তরের সচিব সন্দীপ রাঠোর, পশ্চিম জেলার জেলাশাসক বিশাল কুমার, বামুটিয়া ব্লকের চেয়ারপারসন, দীপক কুমার সিনহা, বামুটিয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক অমিতাভ ভট্টাচার্য সহ বিভিন্ন আধিকারিকগণ ও জনপ্রতিনিধিগণ।গ্রামোন্নয়ন দপ্তরের সচিব বলেন, দেশের প্রধানমন্ত্রী ঘোষিত সারা দেশে তিন কোটি ঘরের মধ্যে বামুটিয়া ব্লক এ অনেক ঘর আসবে তবে পুরনো ঘর প্রাপকরা ঘরের কাজ শেষ না করাতে নতুন করে ঘর দিতে অসুবিধা হচ্ছে। জনপ্রতিনিধিরা পুরনো ঘরগুলি কাজ শেষ করে নতুন ঘর যাতে দেওয়া যায় সেই ব্যবস্থা করতে আহ্বান জানান। ঘরের নতুন সার্ভে করা হবে।নতুন সার্ভে করা হলে কেউ যেন বাদ না যায় সেই ব্যবস্থা করতে হবে। পশ্চিম জেলার জেলা সভাধিপতি বলাই গোস্বামী দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৭৪ তম জন্মজয়ন্তী পালন এবং প্রধানমন্ত্রীর নির্দেশে বৃক্ষরোপন কর্মসূচি পালনের উপর জোর দেন। প্রকৃতির ভারসাম্য রক্ষা করার জন্য গাছ লাগানো দরকার। পরিবেশের ভারসাম্য রক্ষা করার জন্য সবাইকে বৃক্ষরোপণ করে প্রধানমন্ত্রীর স্বচ্ছ ভারত তৈরি করার কর্মসূচি কে সাফল্যমণ্ডিত করার জন্য আহ্বান জানান। প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রসঙ্গে বলাই গোস্বামী বলেন পূর্ববর্তী সরকার সার্ভের নামে দলীয়করণ করা হয়েছিল তাই পঞ্চায়েত সদস্য সহ সবাই এগিয়ে এসে ঘরের জন্য নতুন সার্ভে করতে হবে। এক বামুটিয়া শ্রেষ্ঠ বামুটিয়া হিসেবে গড়ে তুলতে হবে।স্বচ্ছতা হি সেবা কর্মসূচি হিসেবে বৃক্ষরোপণপ্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর প্রাপকদের গৃহ প্রবেশ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে এলাকার সর্বস্তরের লোকজনের উপস্থিত ছিল লক্ষণীয়।

## স্কলারশিপ প্রদানের দাবিতে জনজাতি কল্যাণ দপ্তরের বিক্ষোভ ছাত্রছাত্রীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:** স্কলারশিপ প্রদানের দাবিতে জনজাতি কল্যাণ দপ্তরের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করেছে জনজাতি ছাত্র ছাত্রীরা। অতিসত্বর ছাত্রীদের স্টাইপেন্ড প্রদান করা না হলে আগামীদিনে ধর্ণায় বসবেন বলে হুঁশিয়ারি ছাত্রছাত্রীদের।এদিন জনৈক ছাত্র বলেন, দীর্ঘ দিন ধরে ছাত্র ছাত্রীরা স্কলারশিপ পাচ্ছেন না। এই স্কলারশিপ ছাত্র ছাত্রীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, এই স্কলারশিপের টাকায় দিয়ে ছাত্র ছাত্রীরা পড়াশোনা খরচ বহন করে থাকেন। অন্যান্য জনগোষ্ঠীর ছাত্র ছাত্রীরা স্কলারশিপের টাকা পেয়ে গিয়েছেন। কিন্তু জনজাতিরা এখনো পর্যন্ত স্কলারশিপ পাননি। স্কলারশিপ না পাওয়ায় বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। তাঁদের অভিযোগ, এবিষয়ে একাধিক দফতরে আসলে স্কলারশিপ নিয়ে তালবাহানা করছে।তাই আজ বাধ্য দিয়ে তপশিলী জাতি কল্যাণ দপ্তরে বিক্ষোভ প্রদর্শন করেন তাঁরা। তাঁদের দাবি, অতিসত্বর স্কলারশিপ প্রদানের ব্যবসা করা হোক। তাঁদের দাবি পূরণ করা না হলে আগামীদিনে ধর্ণায় বসবেন বলে হুঁশিয়ারি ছাত্রছাত্রীদের।

## ত্রিপুরায় ২১ প্রজাতির বাঁশ রয়েছে, তা রাজ্যবাসীর জন্য অত্যন্ত গর্বের বিষয়: মুখ্যমন্ত্রী

আগরতলা, ১৮ সেপ্টেম্বর : ত্রিপুরায় ২১ প্রজাতির বাঁশ রয়েছে। সারা ভারতবর্ষে তার তথ্য রয়েছে। তা রাজ্যবাসীর জন্য অত্যন্ত গর্বের বিষয়। আজ বিশ্ব বাঁশ দিবসে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অভিমত ব্যক্ত করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা।এদিন তিনি বলেন, বাঁশকে কাজে লাগিয়ে বিভিন্ন জিনিস বানানো হচ্ছে। ইতিমধ্যে ত্রিপুরা বিধানসভায় বাঁশ দিয়ে টাইলস বানিয়ে ব্যবহার করা হয়েছে। তিনি আশাবাদী, ত্রিপুরার অর্থনৈতিক ক্ষেত্রে বাঁশ এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং রাজ্য সরকারও সেই লক্ষ্যই কাজ করছে।

## নেশাগ্রস্ত ভাতিজার দায়ের কোপে রক্তাক্ত কাকা

আগরতলা, ১৮ সেপ্টেম্বর: নেশাগ্রস্ত ভাতিজার দায়ের কোপে রক্তাক্ত হয়েছে কাকা। ওই ঘটনায় নন্দননগর পালপাড়ায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। বর্তমানে তিনি জিবি হাসপাতালে চিকিৎসাধীনে রয়েছেন।ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ সকালে কোনো এক বিষয়কে কেন্দ্র করে কাকা ভাতিজার মধ্যে বচসা শুরু হয়েছিল। একসময় তা ভয়ঙ্কর রূপ ধারণ করে। পরবর্তী সময়ে কাকা সঞ্জিত দত্তের মাথায় দা দিয়ে আঘাত করে ভাতিজা। সাথে সাথে চিৎকার চেঁচামেচি শুনে ঘটনাস্থলে ছুটে গিয়েছে এলাকাবাসী। তারা তাকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে গিয়েছেন। আরও জানা গিয়েছে, প্রতিনিয়ত ওই ভাতিজা নেশায় আসক্ত থাকত।

## সিপাহীজলা জেলাভিত্তিক স্বচ্ছতা হি সেবা অভিযানের সূচনা, নিজে স্বচ্ছ থাকা ও পরিবেশ স্বচ্ছ রাখা অভ্যাসে পরিণত করতে হবে: মুখ্য সচিব

বিশালগড়,১৭ সেপেম্বর, সিপাহীজলা জেলাভিত্তিক স্বচ্ছতা হি সেবা অভিযান আজ থেকে শুরু হয়েছে। চড়িলামের ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে স্বচ্ছতা হি সেবা অভিযানের উদ্বোধন করেন মুখ্যসচিব জে কে সিনহা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজমদার, অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লাফের, অ্যাসিস্টেন্ট কালেক্টর দীপ গোয়েল, বিশালগড় মহকুমার মহকুমা শাসক, মুখ্য স্বাস্থ্য আধিকারিক, চড়িলাম ব্লকের বিডিও এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

অনুষ্ঠানের সূচনা করে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, স্বচ্ছতা অভিযান শুধুমাত্র একদিনের জন্য কোনও কর্মসূচি নয়। স্বচ্ছতা অভিযান বাস্তবে পরিণত করতে হলে তাকে মানুষের নিজের জীবনশৈলীর অঙ্গ করতে হবে। নিজে স্বচ্ছ থাকা ও পরিবেশ স্বচ্ছ রাখা অভ্যাসে পরিণত করতে হবে। জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল বলেন, এই কর্মসূচি সফল করতে হলে স্বচ্ছতাকে নিজের জীবনের সঙ্গে জড়তে হবে। নিজে স্বচ্ছ থাকলে এবং পরিবেশ স্বচ্ছ রাখতে পারলে অনেক রোগ থেকে মুক্ত হওয়া যায়। অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজমদার সহ অন্যান্য অতিথিগণও বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা অনুষ্ঠানে উপস্থিত সুবিধাভোগীদের জন আরোগ্য যোজনার কার্ড তুলে দেন এবং সাফাই কর্মীদের পুরস্কৃত করেন। স্বচ্ছতা হি সেবা অভিযান আগামী ২ অক্টোবর পর্যন্ত চালু থাকবে। এই অভিযানের অঙ্গ হিসেবে জেলার বিভিন্ন জায়গায় সাইক্লোথন, ম্যারাথন, মানব বন্ধন, ক্রীড়া প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

## মায়ের বকুনিতে আত্মঘাতী স্কুল ছাত্রী

নিজস্ব প্রতিনিধি, মেলাঘর, ১৮ সেপ্টেম্বর:মায়ের বকুনিতে আত্মঘাতী স্কুল ছাত্রী। মৃত ছাত্রীর নাম সুস্মিতা দাস (১৩)।

ঘটনার বিবরণে জানা যায়, মেলাঘরের নিতাই দাসের বড় মেয়ে সুস্মিতা দাস প্রতিদিনকার মতো স্বাভাবিকভাবে নিজ ঘরে ছিলেন। বিকেল পর্যন্ত স্নান না করায় তার মা তাকে চড় মারেন। তারপরেই ঘরে প্রবেশ করে দরজা আটকে দেয় সুস্মিতা। কিছুক্ষন পর সুস্মিতার মা ঘরে গিয়ে দেখতে পান মেয়ে ফাঁসিতে ঝুলে আছে। তড়িঘড়ি তাকে উদ্ধার করে মেলা ঘরে হাসপাতালে নিয়ে গেলে সেখানে প্রাথমিক চিকিৎসার পর তার অবস্থা বেগতিক দেখে তাকে জিবি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। কিন্তু জিবি হাসপাতালে আসার পর মৃত্যু হয় সুস্মিতা দাসের। তার বাবার দাবি, মৃত্যুর পেছনে অন্য কোন কারণ রয়েছে। ঘটনা শোকের ছায়া এলাকাজুড়ে।

## রাহুল গান্ধীকে করা মন্তব্যের প্রতিবাদে রাজধানী আগরতলায় কংগ্রেসের প্রতিবাদ বিক্ষোভ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর: রাহুল গান্ধীকে করা কুরুচিকর মন্তব্যের প্রতিবাদ জানিয়ে রাজধানী আগরতলায় এক প্রতিবাদ কর্মসূচি পালন করে প্রদেশ কংগ্রেস। এদিন রাজপথে বিজেপি এবং তার সহযোগী দলের নেতৃত্বদের দ্বারা রাহুল গান্ধীকে করা কুরুচিকর মন্তব্যের তীব্র নিন্দা জানিয়েছেন কংগ্রেস নেতৃত্বরা।

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা বলেন, রাহুল গান্ধীকে বিজেপি এবং তার সহযোগী দলের মন্ত্রী ও বিধায়কেরা প্রাণনাশের হুমকি দিয়েছেন। পাশাপাশি বিভিন্ন কুরুচিকর মন্তব্য করেছেন। গণতান্ত্রিক রাজ্য এ ধরনের ঘটনা কোনভাবেই মেনে নেওয়া যায় না। এরই প্রতিবাদে এদিন রাজধানী আগরতলায় প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংঘটিত করে অভিযুক্ত মন্ত্রী বিধায়কদের কুশপুত্তলিকা দাহ করে প্রতিবাদ জানান প্রদেশ কংগ্রেস নেতৃত্বরারা। পরবর্তীতে আগরতলা পশ্চিম থানায় তাদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। এই ঘটনার প্রতিবাদে গোটা রাজ্যব্যাপী, প্রতিবাদ কর্মসূচি পালন করা হবে, এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্ত্রের দাবি জানানো হবে বলে জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি। এদিনের এই প্রতিবাদ কর্মসূচিতে উপস্থিত ছিলেন কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন, নেতৃত্ব পীযূষ কান্তি বিশ্বাস সহ অন্যান্যরা।

## দুঃসাহসিক ডাকাতের পর ধর্ষনের অভিযোগ, সুষ্ঠ বিচারের দাবি

নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ১৮ সেপ্টেম্বর:দুঃসাহসিক ডাকাতি করার পর এক মহিলার ওপর বলপূর্বক পাশবিক লালসা চরিতার্থ করার মতো ঘটনা সংঘটিত হয়েছে উত্তর জেলায়। কদমতলা ব্লক এলাকার পূর্ব ফুলবাড়ী গ্রাম পঞ্চায়েতের ৪ নং ওয়ার্ড এলাকায় এক রাজমিস্ত্রির বাড়িতে হানাদা ডাকাতের দল।ঘরে ঢুকে জানালা ভেঙে অস্ত্র দেখে প্রথমে মহিলার শরীরে থাকা স্বর্ণালংকার সহ ঘরের ভেতরে থাকা নগদ অর্থ ছিনিয়ে নেয় ডাকাত দল। পরবর্তী সময় ও মহিলাকে তারই দুই কন্যা সন্তানের সামনে ধর্ষণ করেছে বলে অভিযোগ উঠেছে। ডাকাত দলে ৩ থেকে ৪ জন ছিল। ওদের প্রত্যেকের মুখে কাপড় বাঁধা থাকায় তাদেরকে চিনতে পারা যায়নি। ঘটনার পরেই খবর দেওয়া হয় চুরাইবাড়ি থানায়। পুলিশ ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে। এখনো পর্যন্ত ঘটনায় গ্রেফতারের কোন খবর নেই। সুষ্ঠু বিচারের দাবি জানিয়েছেন নির্যাতিতা মহিলা সহ তার পরিবারের সদস্যরা।

## চাঞ্চল্য

● প্রথম পাতার পর

গতকাল মধ্যরাত আনুমানিক ৩ ঘটিকায়। বাড়ির মালিক তথা উমা দেবীর স্বামী মন্টু দাস কে ঘরের ভেতরে আঁটকে তিনজন পুলিশ বেশধারী ডাকাতেরা ঘরের সমস্ত অর্থকরী লুটে নিয়ে যায়।তাদের মুখে কালো কাপড় বাঁধা ছিল বলে তাদের কেউ চিনতে পারেনি। অন্যদিকে একই দিনে সন্ধ্যা সাড়ে ৭ টা নাগাদ একই এলাকার অপর বাসিন্দা অর্জুন দাসের বাড়িতে হানা দিয়ে ঘরে থাকা নগদ সাড়ে তিন হাজার টাকা সহ ব্যাঙ্কের পাশ বই নিয়ে পালায় ডাকাত দল। অল্পেতে রক্ষা পায় ঘরের শো কেইজে থাকা স্বর্ণালঙ্কার। ঘটনার খবর পেয়ে পুলিশ পৌছায় এবং সব তথ্য নিয়ে আসেন। পুলিশ আশ্বাস দিয়েছেন যে এই ডাকাত দের খুঁজে বেড় করবেন।কিন্তু সব চাইতে আশ্চর্যের বিষয়, পুলিশ বেশেই যে ডাকাতেরা ডাকাতি করতে সফল হয়ে যাচ্ছে তাদের দৌরাত্ম্যের কাছে কি প্রশাসনও হার মানছে।উল্লেখ্য এই ধরণের ঘটনা ঐ এলাকায় এর আগে কখনোই সংগঠিত হয়নি। কে বা কারা উদ্দেশ্য প্রণোদিতভাবে ঘটনা ঘটিয়েছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন ক্ষতিগ্রস্থরা। অন্যদিকে আরালিয়ার বিভিন্ন এলাকাজুড়ে এধরণের ডাকাত ও চোরচক্রেরা সন্ধ্যে হলেই মাথা চারা দিয়ে উঠছে বলে খবর পাওয়া যাচ্ছে।

## বিক্ষোভ

● প্রথম পাতার পর

যার ফলে প্রায়শই তাদেরকে পরিষেবা প্রদানে চরম ভাবে সমস্যা য় পড়তে হয়। পাশাপাশি, নতুন ভাবে যে সমস্ত কেবল সংযোগ দেওয়া হচ্ছে, সেই সমস্ত কেবল তার গুলোর গুনগত মান নিয়েও বিভিন্ন জায়গা থেকে বহু অভিযোগ আসছে। যদিও ইতিমধ্যে উর্ধতন কর্তৃপক্ষের তরফে সেই কেবল লাইন গুলো খতিয়ে দেখতে একটি টিম পরিদর্শনে আসার কথা রয়েছে। তবে সব মিলিয়ে উর্ধতন কর্তৃপক্ষের হস্তক্ষেপে অচিরেই স্থায়ী সমস্যাা সমাধানের ইঙ্গিত পাওয়া যায়। এদিকে, সড়ক অবরোধ করে আন্দোলনের ফল হিসেবে বুধবার বিকেলে মানিক্যিনগর এলাকাতে বিদ্যু ৎ পরিষেবা স্বাভাবিক হয়।

## স্বামী, মামলা

● প্রথম পাতার পর

১১ বছর আগে সামাজিক মতে বিয়ে হয়েছিল স্বপন দাস এবং লক্ষ্মী দাসের। তাদের বর্তমানে এক কন্যা সন্তান রয়েছে। স্বামী স্বপন দাস টিএসআরের ১২ নং ব্যাটেলিয়ানে কর্মরত। গতকাল বাড়ির তিন বউ মিলে পূজো দেখতে গিয়েছিলেন। রাত সারে আটটা নাগাদ বাড়ি ফিরে আসেন তাঁরা। হঠাৎ রাত ১১ টা নাগাদ লক্ষ্মীর চিৎকার শুনে পরিবারের সদস্যরা ছুটে গিয়ে দেখতে পান তাঁর শরীরে আগুন ধরছে। সাথে সাথে তাকে বিশালগড় হাসাপাতালে নিয়ে যাওয়া হয়েছে। চিকিৎসাধীন অবস্থায় আজ সকালে তাঁর মৃত্যু হয়েছে। কিন্তু মৃত্যুর আগে সে সবাইকে বলে গিয়েছে তাঁর স্বামী গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দিয়েছিল। এদিকে মৃতার মায়ের অভিযোগ, বিয়েট পর থেকেই শারীরিক ও মানসিকভাবে নির্যাতনের শিকার হয়েছে লক্ষ্মী। আকণ্ঠ মদ্যপান করে তাঁকে মারধোর করত। গতকাল তাকে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দিয়েছে স্বামী। স্বামীর বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে। ওই ঘটনায় মৃতার পরিবারের সদস্যরা স্বামীর কঠোর শাস্তির দাবি করেন।

## বিদ্যুৎমন্ত্রীর

● প্রথম পাতার পর

মেগাওয়াট এবং বায়ো এনার্জিতে ২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। এই লক্ষ্যে মোট ১৩ হাজার কোটি টাকা বিনিয়োগের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।ইতিমধ্যেই ত্রিপুরা সৌরশক্তি উৎপাদনে এবং ব্যবস্থাপনায় গোটা দেশেই উল্লেখযোগ্য স্থান দখল করেছে। এবারের মহাসমারোহে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে গোটা উত্তর পূর্বাঞ্চলের মধ্যে তৃতীয় পুরস্কারে ভূষিত হয়েছে ত্রিপুরা। রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ সোমবার এই পুরস্কার গ্রহণ করেছেন। এই গ্লোবাল রিনিউয়াবল এনার্জি ইনভেস্টার্স মিট এবং এক্সপোতে হাজির পৃথিবীর সমস্ত দেশের প্রতিনিধি এবং বিনিয়োগকারীদের কাছে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ তাদেরকে ত্রিপুরায় বিনিয়োগ করার আহ্বান জানিয়েছেন।তিনি জানিয়েছেন, এখানে শিল্প বান্ধব সরকারের পাশাপাশি অত্যন্ত বলিষ্ঠ শিল্পনীতি যেমন রয়েছে তেমনি রয়েছে জমির সহজলভ্যতা, বিনিয়োগের পরিবেশ এবং শক্তি ক্ষেত্রে ও শিল্প বিনিয়োগের সর্বসুবিধা। ইতিমধ্যেই ত্রিপুরা এনার্জি ভিশন ২০৩০ প্রস্তুত করে নিয়েছে। কিছুদিনের মধ্যেই ত্রিপুরা রেনুয়েবল এনার্জি পলিসিও প্রস্তুত হয়ে যাবে। সেই লক্ষ্যে কাজ শুরু হয়ে গিয়েছে। সৌর শক্তিকে ব্যবহার করে বিদ্যুৎ ক্ষেত্রে ত্রিপুরা এক নতুন ইতিহাস তৈরির পথে। গুজরাটে আয়োজিত চতুর্থ গ্লোবাল রিনিউবল এনার্জি ইনভেস্টার্স মীট এন্ড এক্সপো- তে ট্রেডা অর্থাৎ ত্রিপুরা রেনুয়েবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি বিশেষভাবে সম্মানিত হয়েছে পুননবীকরণ শক্তির ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য।এই অনুষ্ঠানে মন্ত্রী রতন লাল নাথের সঙ্গে উপস্থিত ছিলেন ট্রেডা এর মহাপরিচালক মহানন্দ দেববর্মা এবং যুগ্ম অধিকর্তা দেবব্রত শুক্লদাস।

## বিক্ষোভ

● প্রথম পাতার পর

গত ৪৫ বছরেও এরূপ ঘটনা ঘটেনি ভারতবর্ষের মধ্যে। পাশাপাশি দ্রব্যমূলক বৃদ্ধি এবং অন্যান্য ক্ষেত্রেও সর্বদাই মোদি সরকার ব্যর্থ। ঐদিন সেই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিশালগড় জেলা যুব কংগ্রেস সভাপতি সমরজিত ভট্টাচার্য্যী, রাজ্য যুব কংগ্রেস কার্যকরী সভাপতি রাহুল সমাদ্দার এবং কমলাসাগর যুব কংগ্রেস সভাপতি নান্টু সরকার সহ অন্যান্যরা।

## মৃত গৌতম দাসের বাড়িতে গেলেন বিরোধী দলনেতা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর: কিছুদিন আগে প্রেমিকাকে নিয়ে পালানোর জেরে গৌতম দাস নামে এক যুবককে পিটিয়ে খুন করা হয়েছিল করবুক মহকুমার চেলাগাং"এ। আজ বিরোধী দলনেতা জিতেন চৌধুরী মৃত পরিবারের সাথে দেখা করেন এবং তাদের সাথে কথা বলেন। পাশাপাশি একরাশ ক্ষোভ উগরে দিলেন পুলিশ প্রশাসনের বিরুদ্ধে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে জিতেন্দ্র চৌধুরী বলেন, এই ঘটনা অত্যন্ত নিন্দনীয়। এক রাজনৈতিক দলের নাম নিয়ে গৌতম দাসের পরিবারের সদস্যদের প্রভাবিত করার চেষ্টা করা হচ্ছে। পাশাপাশি টাকার বিনিময়ে অভিযোগ তুলে নেওয়ার জন্যেও চাপ নেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। পাশাপাশি প্রশাসনের উপস্থিতিতে গৌতমকে মারধোর করা হয়েছে এবং পরবর্তীতে প্রশাসনের ভূমিকা নিয়েও ক্ষোভ প্রকাশ করেছেন বিরোধী দলনেতা।

## চা শ্রমিক ওর আবার শ্রমিক ইউনিয়নের যৌথ উদ্যোগের শ্রম দপ্তরের ডেপুটেশন

আগরতলা, ১৮ সেপ্টেম্বর: ৫ দফা দাবিতে সিআইটি ইউ অনুমোদিত ত্রিপুরা টি ওয়ার্কার ইউনিয়ন ও ত্রিপুরা রাবার শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে শ্রম কমিশনারের নিকট ডেপুটেশন প্রদান করা হয়েছল।

সংগঠনের তরফ থেকে দাবি জানানো হয়েছে, আসন্ন দূর্গা পূজার ১৫দিন পূর্বে এককালিন ২০ শতাংশ বোনাস দেওয়া, দ্রব্য মূল্য বৃদ্ধির সঙ্গে সংহতি রেখে শ্রমিকদের মজুরী বৃদ্ধি করা, শ্রমিকদের গ্রেচুইটির এবং পিএফ-এর টাকা আইন অনুযায়ী প্রদান করা হোক।

পাশাপাশি, শ্রমিকদের বাসগৃহ নিয়মিত সংস্কার করা এবং বাগিচা আইন অনুযায়ী বাগান গুলির জায়গা অন্য কাজে ব্যবহার করা যাবে না, অবিলম্বে বন্ধ করতে হবে এবং যেগুলি ব্যবহার হয়েছে সেই জায়গা গুলি বাগিচা তৈরি কাজে ব্যবহার করতে হবে। সরকারকে প্রয়োজনীয় ক্ষতিপূরণ দিতে ও দাবি জানানো হয়েছে।

## বিদ্যুৎ পরিষেবা ও পানীয় জলের দাবিতে পথ অবরোধ


আগরতলা ১৮ সেপ্টেম্বর : গত ৫দিন ধরে বিদুৎ পরিষেবা ও পানীয় জলের সমস্যায় দিশেহারা বিশালগড় এলাকার বাসিন্দারা। এখনো পর্যন্ত সমস্যার সমাধান না পেয়ে বাধ্য হয়ে আজ বিশালগড় থেকে বক্সনগর সড়ক অবরোধে বসেন মানিক্যনগরের এলাকাবাসীরা। এদিকে, ওই অবরোধের জেরে যান চলাচল স্তব্ধ হয়ে পড়েছিল।

অবরোধকারীদের অভিযোগ, টানা ৫ দিন যাবৎ বিদুৎ পরিষেবা ও পানীয় জলের সমস্যায় ভুগছেন মানিক্যনগরের এলাকাবাসী। এ বিষয়ে একাধিকবার প্রশাসনিক উচ্চপদস্থ আধিকারিকদের জানানো হলেও তাঁরা কোন পদক্ষেপ গ্রহন করেননি। তাই আজ সকালে বাধ্য হয়ে বিদ্যুৎ পরিষেবা ও পানীয় জলের দাবিতে পথ অবরোধে বসেন তাঁরা।

এদিকে, অবরোধের জেরে যান চলাচল স্তব্ধ হয়ে পড়েছিল। তাঁদের দাবি, দ্রুত বিদুৎ পরিষেবা ও পানীয় জলের ব্যবস্থা করতে হবে। এদিকে, অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেন উচ্চপদস্থ আধিকারিকদের এবং তাঁরা অবরোধকারীদের সাথে কথাবার্তা বলেন।অবরোধকারীদের আশ্বাস দিয়েছেন, খুব শীঘ্রই বিদুৎ ও পানীয় জলের সমস্যার সমাধান করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে পথ অবরোধ প্রত্যাহার করেন তাঁরা।

## রাজ্য পালের সাথে এনসিসির অ্যাডিশনাল ডাইরেক্টর জেনারেল মেজর জেনারেলের সৌজন্য সাক্ষাৎ

আগরতলা,১৭ সেপেম্বর, এনসিসির অ্যাডিশনাল ডাইরেক্টর জেনারেল মেজর জেনারেল গগন দীপ এবং এনসিসির অন্যান্য আধিকারিকগণ আজ সকালে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে মেজর জেনারেল গগন দীপ ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলে এনসিসির কাজকর্ম সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।



# সিনিয়র লীগ ফুটবলে ফের অঘটন বুলেটসকে হারিয়ে জুয়েলসের ১ম জয়




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ফের অঘটন। সিনিয়র লিগ ফুটবল টুর্নামেন্টে। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত শ্যামসুন্দর কোং জুয়েলার্স চন্দ্র মেমোরিয়াল এ ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্টের ২৯ তম ম্যাচ, ১৮তম দিনে দারুন এক অঘটন ঘটে গেলো। প্রথম সারির দল, শক্তিশালী নাইন বুলেটসকে দুই এক গোলের ব্যবধানে পরাজিত করে জুয়েলস এসোসিয়েশন টুর্নামেন্টের প্রথম জয়ের স্বাদ পেয়েছে। ষষ্ঠ ম্যাচের মাথায় প্রথম জয়। এর আগে পাঁচটি ম্যাচের মধ্যে দ্বিতীয় খেলায় টাউন ক্লাবের সঙ্গে গোলশূন্য ড্র করে ১ পয়েন্ট পকেটে ঢুকিয়েছিল। মোটকথা, শ্যাম সুন্দর কোং জুয়েলার্স চন্দ্র মেমোরিয়াল সিনিয়র ক্লাব লিগ ফুটবল আসরে শক্তি শালী নাইন বুলেটস কে পরাজিত করে লিগে প্রথম জয়ের স্বাদ পেলো জুয়েলসএসোসিয়েশন। বুধবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত দিনের প্রথম ম্যাচে নাইন বুলেটস কে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে লিগে প্রথম জয় তুলে নেয় জুয়েলসএসোসিয়েশন। ম্যাচে জুয়েলসএসোসিয়েশন এর হয়ে জোড়া গোল করে খেলার ১০ ও ৩২ মিনিটের মাথায় রোহিত সিং। বিপরীতে নাইন বুলেটস ক্লাবের হয়ে একমাত্র গোলটি করে খেলার ৭৯ মিনিটের মাথায় এল. হিমা। এদিকে, খেলায় অসদাচরণের দায়ে রেফারি দুদলের দুজনকে লাল কার্ড দেখিয়ে মাঠ থেকে বের করে দেন। এবং বিজয়ী জুয়েলস এসোসিয়েশনের আরও দুজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি তাপস দেবনাথ। প্লেয়ার অব দ্যা ম্যাচের পুরস্কার পেয়েছে জুয়েলস এসোসিয়েশনের টি থঙ্গা মেথি।

# অল ইন্ডিয়া এমসিসি-মুরুগাপ্পা গোল্ড কাপ হকি টুর্নামেন্ট বৃহস্পতিবার শুরু হচ্ছে

চেন্নাই, ১৮ সেপ্টেম্বর (হি.স.): ৯৫ তম এমসিসি-মুরুগাপ্পা অল ইন্ডিয়া গোল্ড কাপ হকি টুর্নামেন্ট আগামীকাল ১৯ থেকে ২৯ সেপ্টেম্বর চেন্নাইয়ের মেয়র রাধাকৃষ্ণন স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

ঐতিহ্যবাহী উদ্বোধনী ম্যাচে, মাদ্রাজ ক্রিকেট ক্লাব (এমসিসি) ফ্লাডলাইটের আলোতে দ্য মেরকারা ডাউনস গল্ফ ক্লাবের (কুর্গ) সাথে মুখোমুখি হবে।

এমসিসির সভাপতি ডি. বিবেক কুমার রেড্ডি বলেছেন, 'টুর্নামেন্টটি একটি সমৃদ্ধ ইতিহাস আছে। আমরা একটি যুগান্তকারী ইভেন্ট তৈরি করার সিদ্ধান্ত নিয়েছি।"

দুটি পুলে আছে:পুল এ: ভারতীয় রেল, ভারতীয় সেনাবাহিনী, বিপিসিএল, হকি মহারাষ্ট্র, তামিলনাড়ুর হকি ইউনিটপুল বি: হকি কর্ণাটক, আইওসিএল, ন্যাশনাল সেন্টার অফ এক্সিলেন্স (ভোপাল), সেন্ট্রাল সেক্রেটারিয়েট, হকি ওডিশা টুর্নামেন্টের প্রাইজ মানি :চাম্পিয়ান পাবে ৭ লাখ টাকা এবং রানার আপ পাবে ৫ লাখ।

## চ্যাম্পিয়ন্স লিগ : ভিএফবি স্টুটগার্টের বিরুদ্ধে রিয়ালের কষ্টার্জিত জয়

সান্তিয়াগো, ১৮ সেপ্টেম্বর (হি.স.) : ভিএফবি স্টুটগার্ট লড়াই করল কিন্তু পারলো না। ইউরোপ সেরার মঞ্চে সেরা পারফরমেন্স দেখিয়ে রিয়াল মাদ্রিদ শিরোপা ধরে রাখার অভিযান শুরু করল। সান্তিয়াগো বের্নাবেউয়ে মঙ্গলবার রাতে ৩-১ গোলে জিতেছে রিয়াল। সারা ম্যাচে বহু সেভ করে দলের জয়ে বড় ভূমিকা রাখলেন গোলরক্ষক থিবো কোর্তোয়া। রিয়াল মাদ্রিদ জেগে উঠল দ্বিতীয়ার্ধে। স্প্যানিশ চ্যাম্পিয়নদের হয়ে গোল করলেন কিলিয়ান এমবাপে, আন্টোনিও রুডিগার ও এন্দ্রিক।

# পূর্ণেন্দু স্মৃতি ফুটবলে জয় পেল অমর বন্ধু

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। সাব্রুমের বিন্দাস বয়েজ আয়োজিত পূর্ণেন্দু শহীদ নকআউট ফুটবল টুর্নামেন্টের সি গ্রুপের প্রথম ম্যাচে বুধবার অংশ নেয় উদয়পুরের অমর বন্ধু এবং কিল্লার তুইপ্রাসা ওয়েলফেয়ার সোসাইটি। সাবরুম দ্বাদশ শ্রেণীর স্কুল মাঠে আয়োজিত দিনের এই ম্যাচে লড়াইটা ছিল বেশ হাড্ডাহাড্ডি। আর হাড্ডাহাড্ডি লড়াইয়ে শেষ পর্যন্ত বাজিমাত দেখালো অমর বন্ধু। নির্ধারিত সময়ের খেলায় অমর বন্ধু ২ -১ গোলের ব্যবধানে পরাজিত করে কিল্লাকে। দুই দলের লড়াই শুরু হওয়ার মাত্র ৮ মিনিটের মাথায় জিতেন রিয়াং প্রথম গোল করে এগিয়ে দেয় অমর বন্ধুকে। যদিও জিতেনের দেওয়া গোলটি বেশি সময় ধরে রাখতে পারেনি অমর বন্ধু।

প্রতি আক্রমণ এনে কিল্লা মাত্র চার মিনিটের ব্যবধানে সমতায় আনে ম্যাচ। থান্দাল জমাতিয়ার দেওয়া বলে ম্যাচে অনেকটা ঘুরে দাঁড়ায় কিল্লা। প্রথমার্ধের অবশিষ্ট সময়ে দুই দলের ফুটবলাররা একাধিক গোলের সুযোগ পেলেও কাজে লাগাতে পারেনি। ফলে প্রথমার্ধের খেলা শেষ হয় ১-১ গোলে। বিরতির পর দ্বিতীয়ার্ধের খেলা শুরু হলে প্রথম থেকেই অনেকটা আক্রমণাত্মক মনোভাব নিয়ে খেলতে শুরু করে অমর বন্ধুর ফুটবলাররা। আর তাদের এই মনোভাবের সফলতা আসে দ্বিতীয়ার্ধের ১৪ মিনিটে। তাও আবার জিতেনের দেওয়া গোলে। জিতেনের জোড়া গোলে দ্বিতীয়ার্ধের শুরুতেই অমর বন্ধু এগিয়ে থাকার পর অবশিষ্ট সময়ে নতুন করে আর কোন গোল না হওয়ায় শেষ পর্যন্ত দিনের ম্যাচে পরাজয়ের তকমা নিয়েই মাঠ ছাড়তে বাধ্য হলো কিল্লা।

# অনূর্ধ ১৪ ছেলেদের রাজ্য ফুটবল শুরু

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড আয়োজিত রাজ্য ভিত্তিক অনূর্ধ ১৪ বালক বিভাগের ফুটবল টুর্নামেন্ট শুরু হলো বুধবার।তিন দিন ব্যাপী ফুটবল টুর্নামেন্টটি শুরু হয় তেলিয়ামুড়ার ভগৎ সিং মিনি স্টেডিয়ামে এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে।এদিন টুর্নামেন্টের উদ্বোধন করেন তেলিয়ামুড়া পৌর পরিষদের পৌর পিতা রূপক সরকার। এছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমা শাসক পরিমল মজুমদার, তেলিয়ামুড়া পৌর পরিষদের সহকারী পৌর পিতা মধুসূদন রায় সহ যুব ও ক্রীড়া বিষয়ক দপ্তরের আধিকারিকেরা। এদিনের এই রাজ্যভিত্তিক ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ করার জন্য রাজ্যের বিভিন্ন জেলা দল অংশ গ্রহণ করে।

# চ্যাম্পিয়ন্স লিগে ৯-২ গোলে দিনামো জাগরেবকে উড়িয়ে সূচনা বায়ার্ন মিউনিখের

মিউনিখ, ১৮ সেপ্টেম্বর (হি.স.): নতুন কোচ ভিনসেন্ট কোম্পানির কোচিংয়ে দারুণ ছন্দে রয়েছে মিউনিখ। সেই ধারা অব্যাহত রাখল তারা মঙ্গলবার চ্যাম্পিয়ন্স লিগেও। মঙ্গলবার রাতে চ্যাম্পিয়নস লিগের ম্যাচে ৯-২ গোলে জিতেছে বায়ার্ন দিমানো জাগরেবের বিরুদ্ধে। আর প্রথম দল হিসেবে এত গোল করে চ্যাম্পিয়ন্স লিগে নতুন কীর্তি গড়ল বায়ার্ন।

বিধ্বংসী বায়ার্নের হয়ে একাই চার গোল করেন কেইন। ওলিসে করেন দুই গোল। বাকি তিন গোলদাতা হলেন রাফায়েল গেররেইরো, লেরয় সানে ও লেয়ন গোরেটস্কা। গত সপ্তাহে হোলস্টেন কিলের বিরুদ্ধে হ্যাটট্রিক করা কেইনের চলতি মরসুমে বায়ার্নের হয়ে ছয় ম্যাচে আটটি গোল করে ফেললেন। আর চ্যাম্পিয়ন্স লিগে ৪৫ ম্যাচ খেলে ৩৩টি গোল করলেন কেইন। এতদিন ৩০ গোল নিয়ে ইংলিশ তারকা ওয়েইন রুনির কাছে ছিল এই রেকর্ডটি।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# "মুখ্যমন্ত্রী সমীপেষু"তে পূর্ব প্রতাপগড়ের বিকি ঋষিদাসের ক্যান্সার চিকিৎসায় সাহায্যের নির্দেশ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:** মুখ্যমন্ত্রী সমীপেষু" কর্মসূচিতে বুধবারও মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা জনগণের সাথে সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত সাপ্তাহিক এই কর্মসূচিতে সাধারণ মানুষ চিকিৎসা, এলাকার রাস্তাঘাটের সংস্কার সহ বিভিন্ন সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে খোলামেলা আলোচনা করেন। প্রত্যেকেই মুখ্যমন্ত্রীর কাছ থেকে সমস্যা সমাধানের পথ খুঁজে পেয়ে আশ্বস্ত হন।পূর্ব প্রতাপগড়ের বিকি ঋষিদাস ক্যান্সারের চিকিৎসার জন্য সাহায্যের দাবি জানালে মুখ্যমন্ত্রী সাথে সাথেই আগরতলায় অটল বিহারী বাজপেয়ী আঞ্চলিক ক্যান্সার হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করার জন্য হাসপাতালের সুপারকে নির্দেশ দেন। লঙ্কামুড়ার ভজন সরকার তার ছেলের হৃদরোগের চিকিৎসার জন্য মুখ্যমন্ত্রীর সাহায্য চাইলে তিনি চিকিৎসায় সহায়তার আশ্বাস দেন।



রেশমবাগান এলাকার কয়েকজন নাগরিক ঐ এলাকায় অবস্থিত মাণিক্য সাগরের ব্যাপক ক্ষয়ক্ষতির কথা উল্লেখ করে জনগণের স্বার্থে এই লেইকটি রক্ষণাবেক্ষণের দাবি জানান। মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন দপ্তরের সচিব কিরণ গিত্যেকে অবিলম্বে একটি প্রশাসনিক দল ঐ এলাকা পরিদর্শনের জন্য পাঠাতে নির্দেশ দেন। পশ্চিম ভুবনবনের প্রীতম দাস সহ আরও কয়েকজন ঐ এলাকার রাস্তাঘাটের বেহাল অবস্থার কথা তুলে ধরেন। মধ্য প্রতাপগড়ের খোকন বিশ্বাস, বিশালগড়ের উজ্জ্বলা বিশ্বাস, যোগেন্দ্রনগরের নিরঞ্জন দেবনাথ বিভিন্ন রোগের চিকিৎসার সাহায্যের জন্য মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান। মুখ্যমন্ত্রী সাথে সাথেই জিবি হাসপাতালের সুপারের সাথে কথা বলে রাজ্যেই তাদের চিকিৎসার বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

আজকের মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, স্বাস্থ্য ও নগরোন্নয়ন দপ্তরের সচিব কিরণ গিত্যে, সচিব এল দারলং, সমাজশিক্ষা ও সমাজকল্যাণ দপ্তরের অধিকর্তা তপন দাস, জিবি হাসপাতালের সুপার ডা. শঙ্কর চক্রবর্তী, ক্যান্সার হাসপাতালের সুপার এস দেববর্মা প্রমুখ।

## রেলে কাটা পড়ে মহিলার মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৮ সেপ্টেম্বর:** আবারো রেলে কাটা পড়ে মৃত্যু হয় এক অজ্ঞাত পরিচয় মহিলার। উদয়পুর বৈষ্ণবীচর এলাকায় সাব্রুম থেকে আগরতলাগামী ডেমো রেলে কাটা পড়ে মৃত্যু হয় এক মহিলার। ঘটনা উদয়পুর বৈষ্ণবীচর এলাকায়।জানা যায়, সাব্রুম থেকে আগরতলাগামী ডেমো রেলে কাটা পড়ে মৃত্যু হয়েছে এই মহিলার। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় জিআরপি থানার পুলিশ। খবর দেওয়া হয় কাকড়াবন থানার পুলিশকে। পুলিশ ঘটনাস্থলে এসে তদন্তকরে মৃতদেহ ময়না তদন্তের জন্য গোমতী জেলা হাসপাতালে নিয়ে যায়। জানা যায় ,এখন পর্যন্ত এই মহিলার নাম জানা যায়নি। তার বয়স আনুমানিক ৩০ থেকে ৩২ বছর।

## বিষপানে আত্মহত্যার চেষ্টা এক গৃহবধূর

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১৮ সেপ্টেম্বর:** রাবারের অ্যাসিড খেয়ে আহত হয়েছেন এক গৃহবধূ।রাবারের অ্যাসিড খেয়ে আহত হয়েছে খোয়াই মহকুমার চাম্পাহাওর থানাধীন বনবাজার এ ডি সি ভিলেজের এক গৃহবধূ। আহত গৃহবধূর নাম স্বপ্না পাল(২২), স্বামী টিপন চাষা।

ঘটনার বিবরণে জানা যায় যে, মঙ্গলবার কোন এক সময়ে বাড়িতেই রাবারের অ্যাসিড খেয়ে আহত হয় স্বপ্না পাল। পরিবারের সদস্যরা ঘটনাটি গৃহবধূকে উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে আনা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে আগরতলায় জিবি হাসপাতালে রেফার করেন। গৃহবধূটি কি কারনে বিষপান করেছে সেই বিষয়ে পরিবারের লোকজনদের কাছ থেকে সঠিক কোন তথ্য পাওয়া যায় নি।

## বাইক দুর্ঘটনায় অল্পতে রক্ষা পেলো বাইক চালক

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৮ সেপ্টেম্বর:** বাইক দুর্ঘটনায় অল্পেতে রক্ষা পেলো বাইক চালক। ঘটনার বিবরনে জানা যায়, বুধবার সন্ধ্যা আনুমানিক ৬ টা ২০ মিনিট নাগাদ শান্তিরবাজার শহরে টিআর০৮-এ-৯২৬২ নাম্বারের বাইক ও টি আর ০৩ ডি ৬৪২৬ নাম্বারের বাইকের মধ্যে সংঘর্ষ ঘটে। এই দুর্ঘটনায় বাইকের ক্ষতি হলেও বাইক চালক সামান্য আহত হয়।দুর্ঘটনার পরবর্তী সময় পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়।পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলেও বাইক দুইটিকে থানায় নিয়ে যায়নি। দুই বাইক চালকের মধ্যে মিমাংসা করেই বাজার থেকে বাইক দুইটিকে ছেড়ে দেয় পুলিশ। বেপরোয়া গতিতে বাইক চালানোর ফলে আজকের এই দুর্ঘটনা। পুলিশের সামনে দুর্ঘটনা ঘটার পরেও পুলিশ এইধরনের পদক্ষেপ নেওয়াতে আগামীদিনে সকলে সাহসের সহিত দ্রুতগতিতে যানবাহন চালিয়ে দুর্ঘটনা ঘটাতে পারেবলে আশা ব্যক্ত করছেন অভিজ্ঞ মহল।

*রাজ্য ভিত্তিক স্বচ্ছতা হি সেবা অভিযানের উদ্বোধন করে*

# স্বচ্ছতার পরিবেশ বজায় রাখতে হলে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে ঃ মুখ্যমন্ত্রী

**উদয়পুর,১৭ সেপ্টেম্বর।।** স্বচ্ছতার পরিবেশ বজায় রাখতে হলে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে। পরিবেশকে সুন্দর ও স্বাভাবিক রাখার জন্য সাফাই অভিযানের পাশাপাশি বৃক্ষরোপণে সকলকে এগিয়ে আসতে হবে। আজ উদয়পুরে রাজ্যভিত্তিক 'স্বচ্ছতা হি সেবা অভিযান -২০২৪' এর উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে গোমতী জেলার উদয়পুর জগন্নাথ দীঘি প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, সরকারের পাশাপাশি সাধারণ জনগণ সকলে নিজ নিজ এলাকা, বাড়িঘর, রাস্তাঘাট, সুকল, কলেজ, বিভিন্ন ধর্মীয় স্থান, পর্য,টন কেন্দ্র ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পারলেই বিভিন্ন ধরণের রোগব্যাধি থেকে সহজে মুক্তি পাওয়া যাবে। তিনি বলেন, প্রধানমন্ত্রীও একই দিশাতে কাজ করছেন। প্রধানমন্ত্রী স্বচ্ছতাকে ঘরে ঘরে পৌঁছে দিয়েছেন। যারফলে স্বচ্ছতা আজ একটি গুরুত্বপূর্ণ প্রচারাভিযানের রূপ পেয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী দেশে চলতে থাকা দীর্ঘদিনের অনেক সমস্যাও সমাধান করেছেন।

মুখ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্যই সম্পদ। তাই সাধারণ মানুষের চিকিৎসার কথা চিন্তা করে প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা চালু করা হয়েছে। রাজ্যেও যারা প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনার অন্তর্ভুক্ত হতে পারেননি তাদের জন্য মুখ্যমন্ত্রী জনআরোগ্য যোজনা চালু করা হয়েছে। দেশের বীর সৈনিকদের সম্মানার্থে হর ঘর তিরঙ্গা, মেরি মাটি মেরা দেশ, ৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম ইত্যাদি অনুষ্ঠান করা হচ্ছে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, নিজের এলাকাকে পরিষ্কার রাখার দায়িত্ব সকলের। সরকারি ব্যবস্থাপনায় সাফাই কর্মীরা শহরকে আবর্জনামুক্ত রাখতে নিরলস কাজ করে চলেছেন। স্বচ্ছতা বজায় থাকলে পরিবেশও সুন্দর ও নির্মল দেখায়।

অনুষ্ঠানে পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং বলেন, একটা সময় স্বচ্ছতা অভিযান শুধুমাত্র শৌচালয় ব্যবহার ও স্বাস্থ্যসম্মত শৌচাগার নির্মাণ ইত্যাদির মধ্যেই সীমাবদ্ধ ছিল।

# বাংলাদেশে ঘুরতে গিয়ে অপহৃত এক ভারতীয় ব্যাক্তি, থানায় মামলা

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৮ সেপ্টেম্বর:** বৈধভাবে বাংলাদেশে ঘুরতে গিয়ে অপহরন হলেন এক ভারতীয় নাগরিক। মুক্তিপন বাবদ এক লক্ষ টাকা দাবী করছে অপহরনকারীরা। স্বামীকে অপহরনকারীদের কাছ থেকে মুক্ত করার জন্য বিলোনিয়া মহকুমার রাজনগর পিআর বাড়ি থানার পুলিশের কাছে দ্বারস্থ হলেন স্ত্রী। কিন্তু ওই মহিলাকে পাগল বলে অভিহিত করে অপহরণকারীদের মুক্তিপণ দিয়ে দেওয়ার জন্য পরামর্শও দেয় বলে অভিযোগ পুলিশের বিরুদ্ধে। পুলিশের সাহায্য সহযোগিতা না পেয়ে কান্নায় ভেঙে পড়েন মহিলা।

রাজনগর ব্লকের রাধানগরের বাসিন্দা চাইলাফ্রু মগ বিলোনিয়া আইসিপি দিয়ে বাংলাদেশে ঘুরতে যায় গত ১৩ সেপ্টেম্বর। বুধবার বাংলাদেশ থেকে বাড়িতে ফেরার কথা। ফেরার সময় বাংলাদেশে অপহরণ হয় চাইলাফ্রু মগ। এরপর বুধবার ভোরে চাইলাফ্রু মগের স্ত্রীর কাছে ফোন করে অপহরণকারীরা মুক্তি পন দাবি করে। এরপর কোন উপায় না পেয়ে পুলিশের দ্বারস্থ হওয়ার পর পুলিশ চাইলাফ্রু মগের স্ত্রীকে পাগল বলে আখ্যায়িত করে তাড়িয়ে দেয়।দিশেহারা হয়ে বিলোনিয়া মুহুরিঘাট আইসিপি ইনচার্জের সাথে দেখা করে ঘটনার বিষয় নিয়ে কথা বলেন। আইসিপি ইনচার্জ তখন গ্রুপ-ডি পদে কর্মরত সুধন সুরের সাথে চাইলাফ্রু মগের স্ত্রীকে পাঠায় মুহুরীঘাট সীমান্ত গেইটের কাছে বাংলাদেশ ইমেগ্রেশানের সাথে মোবাইলে যোগাযোগ করার জন্য। সেই সময়েও এক বিএসএফের কনস্টেবল এসে আইসিপি কর্মীকে গালিগালাজ করে গেইটের কাছ থেকে সরিয়ে দেয়, বিএসএফ কনস্টেবলকে ঘটনার বিষয়ে বলার পরেও।

এরপর বিএসএফ কনস্টেবল আইসিপির পক্ষে ঢুকে আইসিপি ইনচার্জের সামনেই কর্মরত সুধন সুরকে মারধর করার জন্য তেড়ে আসে। এই বিষয়ে বিলোনিয়া থানায় মামলা দায়ের করা আইসিপি ইনচার্জের পক্ষ থেকে বিএসএফ কনস্টেবলের বিরুদ্ধে। বর্তমানে চাইলাফ্রু মগের স্ত্রী দিশেহারা। কি করবে ভেবে পাচ্ছে না। প্রশাসনের সহযোগিতায় তার স্বামী যাতে সুস্থ অবস্থায় ফিরে সেই আশায় বুক বেঁধে আছে তিন সন্তানের জননী।

## দুঃসাহসিক ডাকাতি, তদন্তে পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:** ডাকাতের দৌরাত্ম্য এখন অকল্পনীয় রূপ নিয়েছে। রাত বিরেতে চুরি ডাকাতি হামলার মতো ঘটনার সাক্ষী তো অনেকেই রয়েছেন। কিন্তু পুলিশের বেশ ধরে ডাকাতি করতে আশা যেন ডাকাত চক্রের এক নয়া সংস্কৃতির আমদানি। এবার আরালিয়া শ্রমজীবী কলোনি এলাকায় উমা দাস এর বাড়িতে রাত বিরেতে পুলিশের পোশাক পরে হানা দিল ডাকাত দল। ঘটনা গতকাল মধ্যরাত আনুমানিক ৩ ঘটিকায়। বাড়ির মালিক তথা উমা দেবীর স্বামী মন্টু দাস কে ঘরের ভেতরে আঁটকে তিনজন পুলিশ বেশধারী ডাকাতেরা ঘরের সমস্ত অর্থকরী লুটে নিয়ে যায়। তাদের মুখে কালো কাপড় বাঁধা ছিল বলে তাদের কেউ চিনতে পারেনি। অন্যদিকে একই দিনে সন্ধ্যা সাড়ে ৭ টা নাগাদ একই এলাকার অপর বাসিন্দা অর্জুন দাসের বাড়িতে হানা দিয়ে ঘরে থাকা নগদ সাড়ে তিন হাজার টাকা সহ ব্যাঙ্কের পাশ বই নিয়ে পালায় ডাকাত দল। অল্পেতে রক্ষা পায় ঘরের শো কেইজে থাকা স্বর্ণালঙ্কার। ঘটনার খবর পেয়ে পুলিশ পৌছায় এবং সব তথ্য নিয়ে আসেন। পুলিশ আশ্বাস দিয়েছেন যে এই ডাকাত দের খুঁজে বের করবেন।কিন্তু সব চাইতে আশ্চর্য্যের বিষয়, পুলিশ বেশেই যে ডাকাতেরা ডাকাতি করতে সফল হয়ে যাচ্ছে তাদের দৌরাত্ম্যের কাছে কি প্রশাসনও হার মানছে। উল্লেখ্য এই ধরণের ঘটনা ঐ এলাকায় এর আগে কখনোই সংগঠিত হয়নি। কে বা কারা উদ্দেশ্য প্রণোদিতভাবে ঘটনা ঘটিয়েছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন ক্ষতিগ্রস্থরা।

# সম্প্রতি বন্যায় সব মিলিয়ে বন দপ্তরের আনুমানিক ক্ষতি দাঁড়াবে ৩০- ৪০ কোটি টাকা ঃ বনমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির সময় বিভিন্ন দপ্তরের পাশাপাশি ব্যাপক ক্ষতি হয়েছে বনদপ্তরে। বুধবার সচিবালয় এক সাংবাদিক সম্মেলন করে বনদপ্তরে ক্ষতির বিষয়ে জানান দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা।

গত ১৯ থেকে ২২ আগস্ট পর্যন্ত রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হওয়ার ফলে ব্যাপক ক্ষতির মুখে পড়েছে ত্রিপুরা রাজ্য। আর বন্যা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর থেকে কৃষক মৎস্যজীবী সাধারণ মানুষ থেকে শুরু করে সরকারি দপ্তরের ক্ষতির চিত্র সামনে উঠে আসছে। বন্যা পরিস্থিতির ফলে বিভিন্ন দপ্তরের পাশাপাশি ক্ষতি হয়েছে রাজ্যের বনদপ্তরেও। বুধবার সচিবালয়ে সাংবাদিক সম্মেলন করে এই তথ্য তুলে ধরেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। উপস্থিত ছিলেন পি সি সি এফ প্রবীণ আগারওয়াল সহ অন্যান্যরা।

দপ্তরের মন্ত্রী বলেন এনডিআরএফ-এ প্রাথমিক তথ্য অনুযায়ী বনদপ্তরের ক্ষতি হয়েছে সাত থেকে আট কোটি টাকা। কিন্তু দপ্তরের প্রাথমিক তদন্ত ক্ষতির পরিমাণ দেখা গেছে ১৫ থেকে ২০ কোটি টাকা। প্রবল বৃষ্টি ও মাটি ধ্বসের কারণে অনেক জায়গার যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যাওয়ার কারণে, এখনো সেই সমস্ত জায়গাগুলোর ক্ষতির পরিমাণ নিরূপণ করা সম্ভব হয়নি। তাই সব মিলে আনুমানিক এই ক্ষতির পরিমাণ দাঁড়াবে ৩০ থেকে ৪০ কোটি টাকা বলে দাবি করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা।

পাশাপাশি তিনি বলেন বনদপ্তর ইতিমধ্যে বিভিন্ন ক্ষতিগ্রস্ত এলাকার সাধারণ মানুষের মধ্যে খাদ্য সামগ্রী ও বিভিন্ন পোশাক বিতরণ করেছে।আগামীকালও অমরপুরের রাজকান এলাকায় ২৫০ পরিবারের মধ্যে বিভিন্ন ত্রান সামগ্রী বিতরণ করবে বলে জানান বনমন্ত্রী অনিমেষ দেববর্মা।

## ই-রিক্সা এবং বাইকের সংঘর্ষে আহত দুইজন

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৮ সেপ্টেম্বর:** ই-রিক্সা এবং বাইকের মধ্যে সংঘর্ষে আহত হয়েছে দুইজন। আহত দুজনকে জেলা হাসপাতালে নিয়ে আসলো দমকল কর্মীরা।

ধর্মনগর মহকুমার অফিসটিলা থেকে ফোন মারফত ধর্মনগর দমকল অফিসে খবর আসে, অফিসটিলা ত্রিপুরা বেকারির সামনে একটি দুর্ঘটনা ঘটেছে। সাথে সাথে দমকল কর্মীরা ছুটে যায় ঘটনাস্থলে। গিয়ে দেখা যায় একটি টমটম ই-রিক্সা এবং বাইকের মধ্যে সংঘর্ষ হয়। তাতে ইরিক্সা ও বাইক চালক উভয়ে আহত হয়। আহত দুজনকে ধর্মনগর জেলা হাসপাতালে নিয়ে আসে।

জানা যায়, বাইক চালকের নাম নারায়ণ চন্দ্র শর্মা(৫৭), বাড়ি আলগাপুর। উনার হাঁটু সম্ভবত ভেঙ্গে গেছে। অপরদিকে ই-রিক্সার চালকের নাম সজল দাস, বাড়ি কৃষ্ণপুর। সামান্য আঘাতপ্রাপ্ত হয় ই-রিক্সা চালক। ধারণা করা হচ্ছে যানজটের কারণেই এই দুর্ঘটনা। কারণ ধর্মনগর অফিসটিলা এলাকায় যে রাস্তা রয়েছে, রাস্তার দু"পাশে বড় বড় গাড়ি দাঁড় করানো থাকে। এই রকম লাইন ধরে রাস্তার দুপাশে গাড়ি থাকার কারণে যানজট সৃষ্টি হয়। যার দরুন এদিনের এই দুর্ঘটনা। তাই ট্রাফিক দপ্তর যানজট এড়াতে যেন কঠোর ব্যবস্থা গ্রহন করে তার দাবি জানিয়েছেন নেতৃত্বরা।

## যুবককে কুপিয়ে হত্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ সেপ্টেম্বর:** রাজধানীর প্রানকেন্দ্রে কুপিয়ে খুন করা হয়েছে এক যুবককে। গতকাল রাতে পূজো দেখে বাড়ি ফেরার পথে প্রায় ১২ জন মিলে রড এবং দা দিয়ে তার মুখে মাথায় কুপিয়ে হত্যা করেছে তাঁকে। এমনটাই অভিযোগ তুলে পরিবারের সদস্যরা আমতলী থানায় মামলা দায়ের করেছেন।

ঘটনার বিবরণে মৃতের বাড়ির সদস্যরা জানিয়েছেন, গতকাল রাতে পূজো দেখে বাড়ি ফিরছিলেন আমতলী থানার কাঞ্চন নগরের বাসিন্দা বাবুল সাহার ছেলে শুভঙ্কর সাহা। আমতলী থানার অন্তর্গত রাজিব চৌমুহনীতে পৌঁছতেই ১০-১২ জন যুবক তার স্কুটি থামিয়ে তাকে আক্রমণ করে। রড ও দা দিয়ে এলোপাতাড়ি আক্রমণে গুরুতর আহত হয়েছিল সে। ওই এলাকার লোকজন এই ঘটনা পরিলক্ষিত করে সাথে সাথে হাপানিয়া টি এম সি মেডিকেল কলেজে নিয়ে গিয়েছিলেন। সেখান থেকে আগরতলার জি বি হাসপাতাল স্থানান্তর করা হয়। জি বি হাসপাতাল আশঙ্কাজনক অবস্থায় তাঁর মৃত্যু হয়েছে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে ৭ জনের নাম দিয়ে আমতলী থানায় মামলা করা হয় বলে জানান পরিবারের লোকেরা।

# কলমচৌড়া থানার উদ্যোগে মাদক বিরোধী অভিযানে সাফল্য

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ১৮ সেপ্টেম্বর:** সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার কলমচৌড়া থানার পুলিশ আবারও মাদক বিরোধী অভিযানে সাফল্য অর্জন করেছে। থানার নতুন ওসি নারু গোপাল দেব দায়িত্ব নেওয়ার পর থেকেই গাঁজা চাষের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দীর্ঘদিন বন্ধ থাকা অভিযানের পুনরায় সূচনা করে মঙ্গলবার সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত গভীর জঙ্গলে অভিযান পরিচালনা করা হয়।

বক্সনগর বন দপ্তরের দক্ষিণ ও পূর্ব দিকে ছড়িয়ে থাকা প্রায় ১০ কানি বনভূমিতে গাঁজার চারা গাছ ধ্বংস করা হয়। অপরদিকে ভেলুয়ারচর এলাকার বাবা ব্রিকস ইন্ডাস্ট্রির উত্তর দিকে অভিযান চালিয়ে দুটি গাঁজার বাগান এবং দুটি নার্সারি ধ্বংস করা হয়। অভিযানে মোট ১৫ লক্ষেরও বেশি গাঁজার চারা গাছ এবং দুটি নার্সারি ধ্বংস হয়েছে, যা মাদক কারবারিদের জন্য বড় আঘাত।

অভিযানে অংশ নেন ওসি নারু গোপাল দেব, এসআই বিশ্বজিৎ দেববর্মা, এসআই শান্তি ত্রিপুরা সহ টিএসআর ও পুলিশ বাহিনীর অন্যান্য সদস্যরা। উল্লেখযোগ্যভাবে, গাঁজার চারা লাগানোর প্রস্তুতি থাকলেও পুলিশ দ্রুত অভিযান চালিয়ে তা নষ্ট করে দেয়। ওসি নারু গোপাল দেব জানান যে এ ধরনের অভিযান আগামী দিনেও অব্যাহত থাকবে।

সোনামুড়া মহকুমার আওতাধীন সরকারি বনভূমিতে বছরের পর বছর ধরে গাঁজার অবৈধ চাষ চলে আসছিল। কিন্তু ওসি নারু গোপাল দেব দায়িত্ব নেওয়ার পর থেকে এই চাষ বন্ধ করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হচ্ছে। ইতোমধ্যে কয়েক লক্ষ গাঁজার চারা ধ্বংস করা হয়েছে, যা মাদক কারবারিদের বড় ক্ষতি করেছে।এই মাদক বিরোধী অভিযানের সফলতা প্রমাণ করে যে কলমচৌড়া থানার নতুন নেতৃত্ব সোনামুড়া মহকুমার গাঁজা চাষের সমস্যার সমাধানে আরও কঠোরভাবে এগিয়ে আসছে।

# বিজেপি বিভাজনের রাজনীতি বেছে নিয়েছে ঃ সুদীপ বর্মণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ সেপ্টেম্বর:** বিজেপি বিভাজনের রাজনীতি বেছে নিয়েছে।ফ্যাসীবাদীরা বেশিদিন ক্ষমতায় থাকতে পারে না। আজ রানীবাজার দুর্গানগর এলাকা পরিদর্শনে গিয়ে এমনটাই বলেন বিধায়ক সুদীপ রায় বর্মন। সাথে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। তাঁরা সংখ্যালঘু মুসলমান পরিবারগুলির সাথে কথাবার্তা বলেন এবং সমস্যা নিরসনের আশ্বাসের দিয়েছেন।

এদিন বিধায়ক সুদীপ রায় বর্মণ বলেন, বিজেপি বিভাজনের রাজনীতি বেছে নিয়েছে। ভারতীয় সংবিধান মতে সবার সমান অধিকার রয়েছে। তাই কারোর নিজেকে দুর্বল ভাবা উচিত নয়। পাশাপাশি, কারোর কাছে মাথা নত করবেন না।

এদিন তিনি আরও বলেন, ফ্যাসীবাদীরা বেশিদিন ক্ষমতায় থাকতে পারে না। গনতন্ত্রের উপর অগাত বিশ্বাস রয়েছে এই ঘটনার একদিন বিচার হবে। তাই কংগ্রেসের তরফ থেকে আগামী ২৩ সেপ্টেম্বর রাজ্যে সন্ত্রাস ও নারী নির্যাতনের বিরুদ্ধে পুলিশ সদর দপ্তর ঘেরাও করা হবে।

এদিন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা বলেন, রানীরবাজারে কালী মূর্তি ভাঙ্গা এবং পরবর্তী ঘটনার প্রশাসনের নিষ্ক্রিয় ভূমিকার কারণে হয়েছে। প্রশাসনের উদাসীন মনোভাবের কারণে এই ঘটনাটি ঘটেছে। তাতে সংখ্যালঘু সম্প্রদায়ের ব্যাপক ক্ষতি হয়েছে। শাসক দল বিজেপি হিন্দু সংখ্যালঘুদের মধ্যে দাঙ্গা লাগাতে চেয়েছিল।

কেন্দ্র-রাজ্য ও মথার মধ্যে

# দিল্লিতে ত্রিপাক্ষিক চুক্তির জয়েন্ট কমিটির প্রথম বৈঠক ২০ সেপ্টেম্বর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৭ সেপ্টেম্বর:** ভারত সরকার, ত্রিপুরা সরকার ও তিপ্রা-র মধ্যে ত্রিপাক্ষিক চুক্তি অনুসরণে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ/কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী ২০ সেপ্টেম্বর ওই বৈঠকে যোগ দিতে দিল্লীতে যাবেন তিপরা মথার প্রাক্তন সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মণ এবং মথার সভাপতি বিজয় কুমার রাঙ্খল। আজ সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন প্রদ্যোত কিশোর দেববর্মণ দেববর্মণ।

এদিন সামাজিক মাধ্যমে তিনি বলেন, এই ত্রিপাক্ষিক চুক্তি নিয়ে অনেকের কটূক্তি শুনতে হয়েছে। আগামী ২০ সেপ্টেম্বর তিপরাসাদের ভবিষ্যৎ ও অধিকার নিয়ে ভারত সরকারের সাথে কথাবার্তা শুরু হবে। কিন্তু তা একদিনে সম্ভব হবে না। নিজেদের লক্ষ্যে স্থির থেকে তার জন্য দীর্ঘ সময় ধরে লড়াই করতে হবে।

এদিন তিনি আরও বলেন, ত্রিপুরায় শান্তির পরিবেশ কায়েম থাকতে হবে। সবাইকে একত্রে এগিয়ে আসতে হবে। এখানে স্বার্থপর হলে চলবে না। গোটা তিপরাসাদের ভবিষ্যৎ ও অধিকার নিয়ে কথা বলতে হবে। ত্রিপুরায় কারোর অধিকার ছিনিয়ে নেওয়া হবে। শুধু তিপরাসাদের অধিকার নিয়েই কথা হবে। আমি কখনো তিপরাসাদের ধোকা দেব না।

# জন্মশতবর্ষ পূর্তিতে সুচিত্রা মিত্রকে শ্রদ্ধাঞ্জলি

**আগরতলা, ১৮ সেপ্টেম্বর।।** সুচিত্রা মিত্রের জন্মশতবার্ষ পূর্তি উপলক্ষে ১৬ এবং ২০ সেপ্টেম্বর ২০২৪-এ শ্যাম সুন্দর কোং জুয়েলার্স " তাঁকে এক উজ্জ্বলময় শ্রদ্ধা নিবেদন করেছে। সহযোগিতায় রয়েছে পূরবী। ১৬ সেপ্টেম্বর শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের গড়িয়াহাট শাখায় এই কিংবদন্তি রবীন্দ্রসঙ্গীত শিল্পীকে নিয়ে প্রথম স্বর্ণমুদ্রা প্রকাশের মাধ্যমে ২ দিনের স্মারক অনুষ্ঠান শুরু হয়।




এই অভিনব স্বর্ণমুদ্রাটি প্রকাশ করেন বিশিষ্ট রবীন্দ্রসংগীত শিল্পী স্বাগতলক্ষ্মী দাশগুপ্ত, বিশিষ্ট শাস্ত্রীয় নৃত্যশিল্পী অলোকানন্দা রায়, সুচিত্রা মিত্রের দ্বারা নামাঙ্কিত সংস্থা "পূরবী"-এর প্রতিষ্ঠাতা মন্দিরা মুখার্জি, ও শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের পরিচালক অর্পিতা সাহা ও রূপক সাহা।

এদিনের অনুষ্ঠানে স্বাগতালক্ষ্মী দাশগুপ্ত বলেন, "আজ এখানে এসে 'সুচিত্রা মিত্র স্মারক স্বর্ণমুদ্রা' প্রকাশ করতে পেরে আমি অত্যন্ত সম্মানিত বোধ করছি। কারণ আমরা তাঁর মতো শিল্পীকে দেখেই অনেক কিছু শিখেছি, অনেক কিছু পেয়েছি আর অনেক সমৃদ্ধ হয়েছি।" স্বাগতালক্ষ্মীর কথা টেনে একই সুর শোনা যায় অলোকানন্দা রায়ের গলাতেও।

মন্দিরা মুখার্জি, যিনি সুচিত্রা মিত্রের গানের ধারাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, একইসঙ্গে "সুচিত্রা মিত্র মেমোরিয়াল ট্রাস্ট" প্রতিষ্ঠা করেছেন, তিনি বলেন, "সুচিত্রা মিত্র ছিলেন আমার শিক্ষক এবং পরামর্শদাতা। এই কিংবদন্তি রবীন্দ্রসংগীত শিল্পীর প্রতি এই উজ্জ্বল শ্রদ্ধা হল তাঁর উদ্দেশে নিবেদন করা আমার "গুরুদক্ষিণা"র একটি অংশ, যার অধীনে আমি সবকিছু শিখেছি, যাঁকে আমি আমার সব কাজ উৎসর্গ করেছি।"

"আমরা নিজেদেরকে সত্যিই ভাগ্যবান মনে করি যে সুচিত্রা মিত্রের প্রতি এই উজ্জ্বল শ্রদ্ধা নিবেদন করতে পেরেছি, যিনি সত্যিকারের "এক ও অদ্বিতীয়"।"বলেন শ্যাম সুন্দর কোং জুয়েলার্স এর ডিরেক্টর রূপক সাহা। এদিন তিনি আরো বলেন, "তাঁর গানের মধ্যে যে স্বচ্ছতা ও উজ্জ্বলতা ছিল এই স্মারক স্বর্ণমুদ্রাটি তারই প্রতীক। সুচিত্রা মিত্র শুধু যে খ্যাতনামা রবীন্দ্রসংগীত শিল্পীই ছিলেন তাই নয়, তিনি নিজের জীবনে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।"

শ্যাম সুন্দর কোং জুয়েলার্স এর আরেক ডিরেক্টর অর্পিতা সাহা বলেন, "এটি আমাদের তৃতীয় স্মারক স্বর্ণমুদ্রা যা রবীন্দ্রনাথ ঠাকুরের উত্তরাধিকার উদযাপন করছে। রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে এই রীতি শুরু হয়েছে - তাঁর প্রথম উপন্যাস 'ভগ্নহৃদয়ের' ১২৫ বছর পূর্তি উপলক্ষে সুচিত্রা মিত্রই সেই স্বর্ণ মুদ্রা প্রকাশ করেছিলেন। এরপর গত বছর কণিকা বন্দপাধ্যায় এর জন্মশতবর্ষে 'কণিকা বন্দ্যোপাধ্যায় স্মারক মুদ্রা' প্রকাশিত হয়। এই বিশিষ্ট ব্যক্তিত্বদের জীবন সোনার মতই উজ্জ্বল তাই সেই ভাবনা থেকেই এক প্রতীক হিসেবে এই স্বর্ণমুদ্রা প্রকাশের বিষয়টি আমরা নিয়ে আসি।"

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।